Satpathy, Shri Abani Bhusan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Shish Mohammad, Shri
Singha, Shri Suresh
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Soren, Shri Khara

AYES 15

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Banerjee, Shri Ambika
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Bhattacharya, Shri Amarendra Nath
Bhunia, Dr. Manas
Chowdhury, Shri Humayun
Ghosh, Shri Asok
Mahbubul Haque, Shri
Moslehuiddin Ahmed, Shri
Motahar Hossain, Dr.
Mukhopadhyay, Shri Subrata
Sadhukhan, Shri Tarapada
Shamsuddin Ahmad, Shri

The Ayes being 15 and the Noes. 105 the motion was lost.

The motion of shri Kamal Guha that a sum of Rs. 1,76,92,000 be granted for expendeiture under Demand No. 52 **Major Head** : 305-Agriculture during the current year was then put and agreed to.

DEMAND No. 54

The motion of Shri Patit Paban Pathak that a sum of Rs. 8,14,80,000 be granted for expenditure under Demand No. 54. Major Heads : 309—Food and 509—Capital Outlay on Food during the current year, was then put and agreed to.

DEMAND No. 58

The motion of Shri ACHINTYA KRISHNA RAY that a sum of Rs. 44,87,000 be granted for expenditure under Demand No. 58, Major Head : 313—Forest (Excluding Lloyd Botanic Garden, Darjeeling) during the current year, was then put and agreed to

DEMAND No. 61

The motion of Shri NIRMAL BOSE that a sum of Rs. 1,54,47,000 be granted for expenditure under Demand No. 61, Major Heads : 320—Industries (Closed and Sick Industries), 522—Capital Outlay on Machinery and Engineering Industries (Closed and Sick Industries) and 722—Loans for Machinery and Engineering Industries (Closed and Sick Industries) during the current year, was then put and agreed to.

[11-00—11.10 a. m.]

DEMAND No. 62

Mr Speaker : There are three cut motions on Demand No 62 All the cut motions are in order

Shri Ambica Banerjee : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs 100/-

Dr. Hoimi Basu : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs 100/-

The motions that the amount of the Demand be reduced by Rs 100/- was then put and lost

The motion of Shri NIRMAL BOSE that a sum of Rs. 1,03,75,000 be granted for expenditure under Demand No. 62, Major Heads : 320—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) and 720—Loans for Industrial Research and Development (Excluding Closed and Sick Industries during the current year, was then put and agreed to.

DEMAND No. 63

Mr Speaker : There is one cut motion on Demand No 63. The cut motion is in order and taken as moved

Shri Satya Ranjan Bapuli : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs 100/-

The motion that the amount of the Demand be reduced by Rs. 100/-, was then put and lost

The motion of Shri PRALAY TALUKDER that a sum of Rs. 4,79,74,000 be granted for expenditure under Demand No. 63 Major Heads : 321—Village and Small Industries (Excluding Public Undertakings) 521-capital outlay on village and small industries (Excluding public undertakings) and 721-Loans for village and small industries (Excluding public undertakings) during the current year was then put and agreed to.

DEMAND No. 66

Mr Speaker : There are two cut motions on Demand No 66. The cut motions are in order

Shri Satya Ranjan Bapuli : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs 100/

Shri Ambica Banerjee : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/

The motion that the amount of the Demand be reduced by Rs. 100/-, was then put and a Division take with the following result :

NOES 106

Abdur Razzak Molla, Shri
Abul Mansur Habibullah, Shri syed
Adak, Shri Gouhari
Anisur Rahman Biswas, Shri
Barma, Shri Manindra
Basu Shri Ajit
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Subhas
Bhattacharya, Shri Lal Behari
Bhattarya, Shri Nani
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhatacharyya, Shri Satya Pada
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Hazari
Biswas, Shri Kamalakshmi
Biswas, Shri Kumud Ranjan
Bose, Shri Nirmal Kumar
Bouri Shri Nabani
Chakrabarty, Shri Jatin
Chakraborty, shri Umapati
Chakraborty, Shri Deb Narayan
Chatterjee Shri Dhirendra Nath
Chatterjee, Shri Tarun
Chattopadhyay, Shri Sailendra Nath
Chattopadhyay, Shri Bhrubeswar
Chattopadhyay, Shri Sadhan
Chattopadhyay, Shri Santasri
Chowdhury, Shri Bikash
Dakua, Shri Dinesh Chandra
Das Mahapatra, Shri Kamakshyanandan
De, Shri Bhibuti Bhusan
De, Shri Sunil
Dey Shri Lakshmi Kanta
Doloi, Shri Siba Prasad
ghosh, Shri Kamakhhya Charan
Ghosh, Shri Malin
Goswami, Shri Subhas
Guha, shri Kamal Kanti
Gupta, Shri Sitaram
Habib Mustafa, Shri
Hira, Shri Sumanta Kumar
Jana , shri Haripada
Jana, Shri Manindra Nath
Kar, Shri Nani
Kisku, Shri Upendra
Koley, Shri Barindra Nath
Let, Shri Dhirendra
M Ansar-Uddin, Shri
Majhi, Shri Raicharan
Majhi, Shri Surendra Nath
Mallick, Shri Siba Prasad
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Gopal
Mandal, Rabindra Nath
Mandal, Shri Siddreswas
Mandal, Shri Sikumar
Ming, Shri Patras
Mir Abdus Sayeed, Shri
Moazzam Hossain, Shri Syad
Mohammad Ramjan Ali, Shri
Mohanta, Shri Madhabendu
Mojumdar, Shri Hemen
Molla Shri Anadi
Mondal, Shri Shashanka Sekhar
Mondal, Shri Sudhansu Sekhar
Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Bimalananda
Mukherjee, Shri Narayandas
Mukherje, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyay, Dr. Ambarish
Naskar, Shri Sundar
Nath, Shri Monoranjan
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Phodikar, Shri Prabhas Chandra
Pramanik, Shri Abinash
Pramanik, Shri Radhika Ranjan
Pramanik, Shri Sudhir
Ray, Shri Achintya Krishna
Ray, Shri Birendra Narayan
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Matish
Ray, Shri Subhas Chandra
Roy, Shri Haradhan
Roy, Shri Hemanta Kumar
Roy, Shri Sattik Kumar
Roy, Shri Sada Kanta
Roy, Shri Tarak Bandhu
Roy chowdhury, Shri Nirode
Saha, Shri Jamini Bhuson

Saha, Shri Kripa Sindhu
Sar, Shri Nikhilananda
Sarkar, Shri Sailen
Satpathy, Shri Abani Dhusan
Sen, Shri Deb Ranjan
Sen, Shri Dhirendra Nath
Sen, Shri Sachin
Sen Gupta, Shri Dipak
Shish Mohammad, Shri
Singha, Shri Suresh
Singha Roy, Shri Jogendra Nath
Sinha, Dr. Haramohan
Sinha, Shri Prabodh Chandra
Sk. Siraj Ali, Shri
Soren, Shri Khara

AYES 14

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Banerjee, Shri Ambika
Bapuli, Shri Satya Ranjan
Barman, Shri Dipendra
Bhattacharya, Shri Amrendra Nath
Bhunia, Dr. Manas
Chowdhury, Shri Humayun
Ghosh, Shri Asok
Mahbubul Haque, Shri
Moslehuiddin Ahmed, Shri
Motahar Hossain, Dr.
Mukhopadhyay, Shri Subrata
Sadhukhan, Shri Tarapada

The Ayes being 14 and the Noes 106, the motion was lost.

The motion of Shri Nani Bhattarchayya to move that a sum of Rs. 16,62,70,000 be granted for expenditure under Demand No 66, Major Heads : 332—Multipurpose River projects 333—Irrigation Navigation drainage and flood control projects and 532—Capital outlay on Multipurpose River projects during the current year, was then put and agreed to.

DEMAND No. 70

The motion of Shri JATIN CHAKRABORTY that sum of Rs. 2,43,85,000 be granted for expenditure under Demand no 70, Major Heads : 337—Roads and Bridges and 537—Capital Outlay on Roads and Bridges during the current year, was then put and agreed to.

DEMAND No. 71

[11-20—12-30 p.m including adjournment]

Mr. Speaker : There are two cut motions on Demand No. 71 All the cut motions are in order and taken as moved.

Shri Satya Ranjan Bapuli : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs 100/-.

Dr. Manas Bhunia : Sir, I bet to move that the amount of Demand be reduced by Rs 100/-

The motion that the amount of Demand be reduced by rs 100/- was then put and lost

The motion of Shri RABIN MUKHERJEE that a sum of Rs 48,18,000 be granted for expenditure under Demand No. 71, Major Head . 338—Road and Water Transport Services during the current year was then put and agreed to

DEMAND No. 73

The motion of Shri ACHINTYA KRISHNA ROY that a sum of Rs 8,00,000 be granted for expenditure under Demand No. 73. Major Head . 544—Capital Outlay on other Transport and Communication Services during the curent year, was then put and agreed to

DEMAND No. 74

The motion of Shri PRASANTA KUMAR SUR that a sum of Rs. 10,78,00,000 be granted for expenditure under Demand No. 74, Major Head : 363— Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institution (Excluding Panchayat) during the current year, was then put and agreed to

DEMAND No. 76

The motion of Shri NIRMAL BOSE that a sum of Rs. 19,25,10,000 be granted for expenditure unde Demand No. 76, Major Heads : 320—Industries (Pubiic Undertakings), 722—Loans for Machinery and Engi neering Industries (Public Undertakings) 723—Loans for Petroleum, Chemicals and Fertiliser Industrie (Public Undertakings) and 726—Loans for Consumer Industries (Public Undertakings) during the curren year, was then put and agreed to.

DEMAND No. 78

The motion of Shri Dr. AMBARISH MUKHOPADHYAY that a sum of Rs. 12,69,94,000 be granted fo expenditure under Demand no. 78, Major Head : 282—Public Health, Sanitation and water Supply (Seweragı and Water Supply) during the current year, was then put and agreed to.

DEMAND No. 81

The motion of Shri NIRMAL BOSE that a sum of Rs. 5,08,00,000 be granted for expenditure under Demanc No. 81, Major Head : 523—Capital Outlay on Petroleum, Chemicals Fertiliser Industries (Excluding Publi(Undertakings) during the current year, was then put and agreed to.

DEMAND No. 82

The motion of Shri NIRMAL BOSE that a sum of Rs. 1,84,75,000 be granted for expenditure under Demanc No. 82. Major Heads : 526—Capital Outlay on Consumer Industries (excluding Public Undertakings and Close(and Sick Industries) and 726—Loans for Consumer Industries (excluding Public Undertakings and Closed anc Sick Industries) during the current year, was then put and agreed to.

DEMAND No. 84

The motion of Shri Nirmal Bose that a sum of Rs. 1,80,00,000 be granted for expenditure under Demand No. 84, Major Heads : 530—Investment in Industrial Financial Institutions (excluding Public Undertakings and 730—Loans for Industrial Financial Institutions (excluding Public Undertakings) during the current year, was then put and agreed to.

DEMAND No. 86

The motion of Shri JYOTI BASU that a sum of Rs. 8,50,00,000 be granted for expenditure under Demand No. 86, Major Head : 766—Loans to Government Servants, etc. during the current year, was then put and agreed to.

Mr. Speaker : Lunch packets will be served at 11.30 a. m. in the Assembly Lobby to Members and the Press.

(At this stage the House was adjourned till 12.30 p.m.)

[After adjurnment]

[12.30 - 12.40 p.m.]

LEGISLATION

THE WEST BENGAL APPROPRIATION (VOTE ON ACCOUNT) BILL, 1987.

Mr. Speaker : Two Bills will be taken up together.

Shri Jyoti Basu : Sir, I beg to introduce the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1987

(Secretary then read the title of the Bill)

Shri Jyoti Basu : Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1987, be taken into consideration.

THE WEST BENGAL APPROPRIATION BILL, 1987

Shri Jyoti Basu : Sir, I beg to introduce the West Bengal Appropriation Bill, 1987.

(Secretary then read the title of the Bill)

Shri Jyoti Basu : Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1987, be taken into consideration.

শ্রী সত্য রঞ্জন বাপুলি ঃ—মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘ দশ বছর বিরোধী দলে বসে আমরা অনেক কথা এখান থেকে বলেছি, সরকারের ভুল ত্রুটি অনেক তুলে ধরেছি, আমরা জনসাধারণের দুঃখ দুর্দশার কথা অনেক বলার চেষ্টা করেছি। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যেহেতু বিরোধী দলের সদস্যরা বলার সময় সরকার পক্ষের মাননীয় সদস্যদের সহজাত একটা প্রবণতা থাকে বাধা দেওয়ার এবং সব সময় সরকার পক্ষের কিছু কিছু মন্ত্রীর একটা ভাব আছে অবজ্ঞা করার। এটা করতে পারেন, গনতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত হয়ে এলে, করা যায়। আমি আপনার মাধ্যমে কয়েকবার মাননীয় সদস্যদের জানিয়েছি যে পশ্চিমবাংলার এই যে বামফ্রন্ট সরকার চলছে, গতবার যে সরকার প্রতিষ্ঠিত হয়েছিল, সেই সরকারের নির্বাচনের যে পদ্ধতি ছিল, সেই পদ্ধতিতে আমরা যদি আজকে এই কথা বলি, ঠিক পাকিস্থানের *** । সরকার যে ভাবে ভোটার লিস্ট করতো, ঠিক সেই ভাবে পরিচালিত হয়েছে। আবার এবারে দেখতে পাচ্ছি মাননীয় মুখ্যমন্ত্রী কিছুদিন আগে গিয়েছিলেন বাংলাদেশে। ওঁর পৈত্রিক ভূমিতে গিয়েছিলেন। *** কাছ থেকেও ট্রেনিং নিয়ে এসেছেন যে, কিভাবে জাল জচ্চুরি করে নির্বাচন করতে হয় এবং সেভাবেই তিনি এখানে নির্বাচন করেছেন।

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে বারবার বলেছি এবং আবার বলছি—আপনি দেখুন কিভাবে বিরোধী দলের কণ্ঠরোধ করা হচ্ছে। ওঁরা বিরোধী দলের কণ্ঠরোধ করতে চাইছেন, করুন, কিন্তু এমন একটা সময় আসবে যখন ওঁদের এর জন্য অনুশোচনা করতে হবে। ভোটার লিষ্টে জাল জোচ্চুরি করে, গমের ভেতরে কাপড় পাঠিয়ে, টাকা পাঠিয়ে কি ভাবে ভোট করা হয়েছে তা আমরা জানি। রাতারাতি মুখ্যমন্ত্রীর এলাকায় টিউবওয়েল বসান হয়েছে, রাস্তায় ইঁট ফেলা হয়েছে। ৮২ সালেও যে পদ্ধতিতে নির্বাচন করা হয়েছিল, ঠিক সেই একই পদ্ধতিতে ৮৭ সালেও নির্বাচন করা হলো। নির্বচন করতে তো কোন অসুবিধা নেই, কারণ কো-অর্ডিনেসন কমিটি রয়েছে এবং নন-গেজেটেড্ পুলিশ এ্যাসোসিয়েসন তো রয়েছে। এরা থাকলেই হলো, আর কিছুর দরকার নেই, পশ্চিম বাংলায় টিউবওয়েলের দরকার নেই, হাসপাতালের দরকার নেই, রাস্তার দরকার নেই, কোন রকম উন্নয়নের দরকার নেই। বামফ্রন্ট জানেন বিশ্ববিদ্যালয়ে তালা ঝুললেও তাঁদের নির্বাচন করতে কোন অসুবিধা হয় না, স্কুল-কলেজ চালু না থাকলেও তাঁদের ভোটে জিততে কোন অসুবিধা নেই। কারণ কো-অর্ডিনেসন কমিটি এবং নন-গেজেটেড পুলিলশ এ্যাসোসিয়েসনের সাহায্যে সহজেই জালিয়াতি করে ভোট করা যায় এবং জেতা যায়। সেই জন্য পশ্চিম বাংলায় এই দুটো জিনিস ওরা রেখেছেন, পশ্চিম বাংলায় আর কিছুরই দরকার নেই। ওঁদের যে সব এম. এল. এ.'রা নির্বাচনে জিতে এসেছেন তাঁরা হচ্ছে হয় গমের এম. এল. এ. না হয় কাপড়ের এম. এল. এ. না হয় জি. আর. টি. আর-এর এম. এল এ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলার মানুষদের সামনে জ্যোতিবাবু বলেছিলেন, "আমরা পশ্চিম বাংলায় শান্তি ফিরিয়ে আনব।" সরকার গঠন করে মানুষকে এই প্রতিশ্রুতি দেবার পরে আমরা বিধানসভায় দেখেছি হাজার হাজার কোটি টাকা পুলিশ বাজেটে খরচ করার পরেও গড়ে প্রতি দিন রাজ্যে ৬টি করে খুনের ঘটনা ঘটছে। নির্বাচনের সময়ে আমরা পশ্চিম বাংলার বিভিন্ন গ্রামাঞ্চলে ভোট করতে গিয়ে দেখেছি টিউবওয়েল গুলি সব খারাপ হয়ে রয়েছে, অথচ ওঁরা বলছেন ওগুলো নাকি দিল্লী থেকে সারিয়ে দিয়ে যাচ্ছে না। সর্বত্র রাস্তা খারাপ হয়ে আছে, তাও কি দিল্লী থেকে সারিয়ে দিয়ে যাবে? বেকার যুবকদের চাকরি নাকি দিল্লী দিতে চাইছে না, তাই দেওয়া যাচ্ছে না! ওঁরা সারা পশ্চিম বাংলার মানুষদের কাছে একটা কথাই বলেছেন, দিল্লী দিচ্ছে না তাই ওঁরা কিছু করতে পারছেন না। এই সমস্ত কথা ওরা গোটা পশ্চিম বাংলার মানুষদের বুঝিয়েছেন। তবে এর মধ্যেও একটা আনন্দের কথা, ইনটেলেকচ্যুয়াল লোকেদের, কলকাতার লোকদের, শিক্ষিত লোকদের, বুদ্ধিজীবী লোকদের ও রা ভুল বোঝাতে পারেননি, তাঁরা ওঁদের চরিত্র বুঝতে পেরেছেন এবং শিল্পাঞ্চলের মেহনতী মানুষরাও বুঝতে পেরেছেন। ওঁরা যে কত বড় ধাপ্পাবাজ তা তাঁরা ধরে ফেলেছেন। গ্রাম বাংলার মানুষদের ওঁরা ভুল বুঝিয়ে, চাল, গম, কাপড়, রাস্তা ইত্যাদি দিয়ে বা দেখিয়ে হাত করে রেখেছেন। সেই সঙ্গে চারি-দিকে গুণ্ডাবাহিনী দিয়ে মানুষ খুন করে, মানুষকে ভয় দেখিয়ে ভোট আদায় করেছে এবং বহুমানুষের ভোটের অধিকার কেড়ে নিয়েছে। ইতিপূর্বে এই বিধানসভায় বহুবার আমরা মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুকে বলেছি, আপনি স্বাস্থ্য দপ্তরের কি অবস্থা হয়েছে তা নিজে একবার পর্যবেক্ষণ করে দেখুন। আজকে সেখানে জুনিয়ার ডাক্তাররা মার খাচ্ছে। বিভিন্ন বিভাগের ইঞ্জিনিয়াররা মার খাচ্ছে। জুনিয়র ইঞ্জিনিয়ারদের প্রমোশন দিয়ে কাজ করাবার চেষ্টা করার ফলে প্রশাসনের কি হাল হয়েছে একবার দেখুন। ডাক্তার ইঞ্জিনিয়াররা ইনটেলেকচ্যুয়াল মানুষ, তাঁদের পুলিশ দিয়ে মারা হচ্ছে। অবশ্য এর জন্য তো বামফ্রন্টের কোন অসুবিধা হচ্ছে না। টিউবওয়েল নেই, দরকার নেই, হাসপাতালে রোগী মারা যাচ্ছে, যাক না, কুকুর হাসপাতালে ঢুকে শিশু পর্যন্ত খেয়ে নিচ্ছে, নিক না, বামফ্রন্টের তো ভোট করতে কোন অসুবিধা হচ্ছে না। পশ্চিম বাংলার গ্রাম-বাংলার গরীব মানুষদের টাকা দিয়ে, গম দিয়ে এবং সব চেয়েবড় জিনিস পঞ্চায়েতের বাবা-পঞ্চাননদের দিয়ে তো বেশ ভালভাবেই ভোট করা যাচ্ছে।

[12.40 – 12.50 p.m]

আর এইসব পঞ্চাননরা গ্রামের যত মানুষ আছে তাদের উপর অত্যাচার করছে. আজকে শেষ দিন, আর বক্তৃতা দিতে পারবো না, অবশ্য আমি জনগণের আশীর্বাদ পেয়ে জিতে এসেছি। সুতরাং আরোও ৫ বছর আমি আপনাদের অত্যাচারের কথা বলবো, অবিচারের কথা বলবো, অন্যায়ের কথা বলবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, এই সরকার পশ্চিমবাংলার ৪ লক্ষ ছেলে-মেয়ের ভবিষ্যৎ অন্ধকার করে দিলেন। কারণ, ৪ লক্ষ ছেলে-মেয়ে আজ পরীক্ষা দিতে পারলো না, ১ বছর পিছিয়ে গেল। এখন পরীক্ষা কবে হবে তারপর কবে রেজাল্ট বেরুবে? এরফলে ১ বছর ছেলে-মেয়েদের সর্বনাশ হয়ে গেল। তবু আপনাদের লজ্জা নেই. আপনারা ভোট করেছেন, ভোটার লিষ্টে কায়দা করে ভোটে জিতেছেন। আপনারা এসেছেন, থাকুন। আবার আমি এই বিধানসভায় দাঁড়িয়ে আগামী ৫ বছর ধরে এই কথাই বলবো. পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার যতদিন ক্ষমতায় থাকবে, ততদিন পশ্চিমবাংলার জনগনের আর্থিক অস্বচ্ছলতা বাড়বে, দুর্ভোগ বাড়বে, মানুষ নিরাপদে বাস করতে পারবে না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যখন বাড়ী যাবেন তখন পিছনে গাড়ী যাবে, সামনে গাড়ী যাবে। আর আমি জিতে আসার পর আমাকে লক্ষ্য করে ঢিল ছোঁড়া হয়েছে। ডাঃ জয়নাল আবেদিন সাহেব আজ বাড়ী ছাড়া। জনগনের রায়ে যখন আমি জিতে বেরিয়ে আসছি তখন ঐ সি.পি.এমের ক্যাডারেরা আমার দিকে ঢিল ছুঁড়েছে, আমাকে ঘর থেকে বেরুতে দেবে না। এরপরেও যদি আপনারা হাসেন, হাসবেন। কিন্তু এই বিদ্রূপের হাসি একদিন প্রতিফলিত হবে। এমন দিন আসবে যেদিন আপনাদের রাস্তায় দাঁড়িয়ে দাঁড়িয়ে কাঁদতে হবে। সেদিন আর বেশী দেরী নেই। ভোটার লিষ্টে জালিয়াতি করে, কো-অর্ডিনেশন কমিটির মাধ্যমে ভোটার লিষ্ট তৈরী করে ২ বছরে ৫৬ লক্ষ ভোটার বাড়িয়ে যারা মন্ত্রীসভায় বসে আছেন তাঁদের লজ্জা করা উচিৎ, চুড়ি, শাড়ী পরা উচিৎ। ১৯৮ সালে ভোটার লিষ্ট হয়ে গেল, এবারেও ভোটার লিষ্ট হলো, ৫৬ লক্ষ বেশী। সুতরাং আপনারা মাথা উঁচু করে থাকবেন না, মাথা নিচু করে বিধানসভায় আসবেন। আপনারা যে অপরাধ করেছেন তার শাস্তি হয়তো আমরা দিতে পারবো না, কিন্তু সময় আসলে নিশ্চয়ই আপনারা পাবেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য যেহেতু কংগ্রেসের লোক সেহেতু মুখ্যমন্ত্রী মহাশয় বলছেন উনি আমার কথা শুনছেন না, উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয় বলছেন, তাঁর কথা শুনছেন না। কলকাতা বিশ্ববিদ্যালয়কে আপনারা একেবারে শিকেয় তুলে দিলেন। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় পি.জি.হাসপাতালে দাঁত তুলতে গিয়ে ফিরে এলেন কারণ যন্ত্র নাকি খারাপ। মন্ত্রীদের অসুখ করলে তাঁরা ফরেনে যান চিকিৎসা করাতে। নিজের দেশের চিকিৎসা ব্যবস্থা এতই খারাপ যারজন্য ছুটছেন বিদেশে চিকিৎসা করাতে। একটা ছোট মন্ত্রীও অসুখ করলে ছুটছেন হয় মস্কো, না হয় চীন আর না হয় আমেরিকায় চিকিৎসা করাতে। যে দেশের মন্ত্রীদের নিজের দেশের চিকিৎসা ব্যবস্থায় বিশ্বাস নেই, যে দেশে ওষুধ নেই সে দেশে সেইসব মন্ত্রীদের মন্ত্রীসভায় বসে থাকার অধিকার আছে বলে পশ্চিমবাংলার মানুষ বিশ্বাস করে না। পশ্চিমবাংলার মানুষ জানে, ভাঁওতা দিয়ে ভোট নেওয়া যায় এবং সেইভাবেই ভোট নেওয়া হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অত্যন্ত দুঃখ এবং পরিতাপের বিষয় এই যে আপনি দেখুন যে গ্রাম বাংলায় স্কুলের নাম লিখিয়ে ক্যাডার এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। মন্ত্রীতে মন্ত্রীতে ঝগড়া করুন, কিন্তু পরিতাপের বিষয় এই যে স্কুল নেই, শিক্ষক এ্যাপয়েন্টমেন্ট হয়েছে। আজকে দেখা যাচ্ছে যে ক্যাডারদের দিয়ে কি করে স্কুল চালান যায় তার ব্যবস্থা হয়েছে। তার একটা কারণ কি, না, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সরকারের ভোটের জন্য। এই বাঁ দিকে যারা বসে থাকে এদের অবস্থা কি, না একটা ছাগলের যদি তিনটে ছানা হয়, দুটো যখন খায় একটা যেমন সেই সময় নাচে, লাফায় এদের ঠিক সেই রকম অবস্থা।

আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব এই যে লোকগুলো আছে এদের চরিত্রটা চিনে নিন। আমরা জানি আজ পশ্চিমবাংলার মানুষ একটা জিনিষ বুঝতে পেরেছে। ভোট নেওয়া আর পশ্চিমবঙ্গের সরকার চালান এই দুটো আলাদা জিনিষ। মন্ত্রী মহাশয় যখন তাঁর জবাবী ভাষণ দেবেন তখন আমাকে বলবেন যে কোন দপ্তর উন্নতি করেছে শিক্ষা, স্বাস্থ্য, জনস্বাস্থ্য, রুরাল ওয়াটার সাপ্লাই একটা জায়গায় উন্নতি করেছে, বলতে পারবেন? আজকে আমরা পশ্চিমবঙ্গে কি দেখতে পাচ্ছি? একটা বন্ধ্যা সরকার কতকগুলি ক্যাডার নিয়ে বসে আছেন। আমরা আজকে যা বলছি তা রেকর্ড হয়ে বিধানসভায় থাকবে। একটা সময় আসবে জ্যোতিবাবু যখন বিরোধী দলে বসতেন— আজকে অবশ্য সে জ্যোতিবাবু নেই, তিনি এখন শিল্পপতির পিতা, স্বভাবতঃ মার্কসীয় নীতি থেকে একটু বিচ্যুত হয়ে গেছেন। একচেটিয়া পুঁজিবাদীরাও এখন মার্কসীয় হয়ে গেছেন, তাই তাঁদের সঙ্গে ব্যবসা বাণিজ্য করছেন। যৌথ ব্যবসা অত্যন্ত ভাল জিনিষ, সেটা তিনি বুঝে নিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে এই বিধানসভার শেষ দিনে বলি — ১০ বছরে বিধানসভায় আমি অনেকবার বলেছি —দলবাজী করুন, কিন্তু মানুষকে বাঁচান। আজকে লোকের পানীয় জল নেই, চিকিৎসার ব্যবস্থা নেই, চিকিৎসার ব্যবস্থা করুন, শিক্ষা প্রতিষ্ঠানকে বাঁচান, পশ্চিমবঙ্গের ৬ কোটি লোককে বাঁচাবার ব্যবস্থা করুন। কিন্তু আপনারা তার বদলে কি করেছেন? ভোটার লিষ্টে কারচুপি করেছেন, পুলিশবাহিনী তৈরী করেছেন। সেজন্য আজ বাদে কাল সরকারী কর্মচারীদের ডি.এ. দেবেন, ১০০ বার দেবেন, কিন্তু আপনার সম্পদ নেই, আপনি ভিখারী অথচ সমানে তাল দিয়ে টাকা ব্যয় করছেন। এদিকে দেশে ১৬ লক্ষ বেকার থেকে বেড়ে ৪৬ লক্ষ বেকার হয়ে গেছে। সমস্ত স্তব্ধ হয়ে গেছে। পশ্চিমবঙ্গের বুকে আজ সাধারণ লোকের চিকিৎসা হয় না, হাসপাতালে গিয়ে ওষুধ পায় না। অত্যন্ত পরিতাপের বিষয় শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যের সৃষ্টি করা হয়েছে শিল্পে নৈরাজ্য সৃষ্টি হয়েছে তারাই আবার সরকারে আসবে। আমরা, এই বিরোধীদল ঐ ৬ কোটি মানুষের দুঃখ দুর্দশার কথা বলব, আমাদের বলতে হবে। আর আপনারা, মুষ্টিমেয় ক্যাডারদের কথা বলবেন, ক্যাডারদের বড়লোক করার কথা ভাববেন। মানুষ একদিন বুঝতে পারবে, এবং রায় দেবে, যে রায় হবে সেই রায়ের জন্য আমরা প্রতিক্ষা করব। এই কটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ, বন্দেমাতরম।

মিঃ স্পীকার ঃ এরসাদ আর জিয়া এই নাম দুটো বাদ যাবে। মিঃ বাপুলী, এ্যাপ্রোপ্রিয়েসন বিলের উপর আপনি এ্যাপ্রোপ্রিয়েট বক্তব্য রাখলেন।

NOTE * Expunged as ordered by the chair

শ্রী অমর ভট্টাচার্য্য ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারা যে বিপুল অঙ্কের টাকা সরকারের হাতে তুলে দিতে চেয়েছেন, আমরা আগে সংখ্যালঘু ছিলাম, এখন এবারে লঘুতর হয়েছি—এবং আমরা আশা করছি যে পদ্ধতিতে এবার আপনাদের সংখ্যা গুরুতর হয়েছে ভবিষ্যতে একদিন অন্যান্য দেশের মত এখানেও আর বিরোধীদল বলতে কিছু থাকবে না। তা হলেও আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে একটা অনুরোধ রাখছি।

12.50 – 1.00 p.m]

সি.পি. আই (এম) বলতে আজকে পশ্চিমবঙ্গে M for malice, M for mauling, M for murder হয়ে রয়েছে। এটা একটু চেঞ্জ করে M for nanliness and magnitude করবার চেষ্টা করুন। আজকে পশ্চিমবঙ্গে শিক্ষা, স্বাস্থ্য, পরিবহণ, পরিবেশ এমন কোন জায়গা দেখতে পাচ্ছিনা যেখানে আপনাদের সম্পর্কে নিঃসংশয়ে প্রশস্তি-বাক্য উচ্চারণ করা যায়। কলকাতা বিশ্ববিদ্যালয় যা কিনা শুধুমাত্র ভারতবর্ষে নয়, সমগ্র এশিয়ার একটা স্বীকৃত বিশ্ববিদ্যালয়, সেই বিশ্ববিদ্যালয় আজকে বিদ্যার আলয় না হয়ে বিদ্যালয়ের জায়গায় এসে পৌঁছেছে। সেখানকার কর্মচারীরা কোন সময় বাম, কোন সময় অবাম, উপাচার্য্যকে তারা 'থাম' বলে থামিয়ে রাখবার চেষ্টা করছে। কল্যাণী বিশ্ববিদ্যালয় অকল্যাণে ভুগছে। আর যাদবপুর বিশ্ববিদ্যালয় দণ্ডকারণ্যে চলে যাবে কিনা জানিনা। আজকে শিক্ষা ব্যবস্থার মধ্যে যদি সম্পূর্ণ সুষ্ঠু ব্যবস্থাই থাকতো তাহলে ভোটের আগে ঐ যে ৫০০ লোককে স্বীকৃতি দিয়ে শিক্ষক করলেন সেটা করবার ব্যবস্থা হতনা। পুলিশী ব্যবস্থা সম্বন্ধেও একই কথা বলতে পারি। আজকে রাজ্যে খুন-জখম রাহাজানী ইত্যাদি বেড়েছে এটা যেমন ঠিক, তেমনি একথাও ঠিক যে, নির্বাচনের কিছুদিন আগে পুলিশের একটি বিশেষ সংগঠন বলেছে যে, তারা নির্বাচনে বামফ্রন্টকে সমর্থন করবেন। তাই পুলিশের নিরপেক্ষতা সম্পর্কে অনুমাত্র নিঃসংশয় হওয়ার অবকাশ পাচ্ছিনা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি মন্তব্য করেছিলাম, কিন্তু দেখছি একটি কাগজে তা ভুলভাবে তুলে ধরা হয়েছে। আমি বলেছিলাম একশ্চন্দ্র তমোহন্তি ন চ তারা সহস্রশঃ। অর্থাৎ আকাশে হাজার হাজার তারা আছে, কিন্তু আলো পাওয়া যায় কেবলমাত্র চাঁদ থেকে। তেমনি এখানে মুখ্যমন্ত্রী হলেন চন্দ্র এবং আর সবাই তাঁর আলোয় আলোকিত।

তারপর পরিবহণের ক্ষেত্রেও একই কথা। আমি পরিবহণ মন্ত্রীর উদ্দেশ্যে আপনার মাধ্যমে বলছি যে, ১০০টি বাস কেনা হয়েছে যার প্রতিটির দাম ৮ লক্ষ টাকা। এই ভারবা প্রথম দিন বাসে উঠেই বলেছিলেন যে, এই বাস অযোগ্য। ঐসব বাস চালিয়ে পরিবহণের কোন উন্নতি হয়নি, তবে উপরিবহণের ক্ষেত্রে কি হয়েছে জানিনা। স্বাস্থ্য বিভাগে দু'জন মন্ত্রী ছিলেন-অশ্বিনী যুগল। একজন গেছেন। ভেবেছিলাম এতে স্বাস্থ্যবোধ বাড়বে, কিন্তু বাড়েনি। সদ্য প্রসূতি তার সদ্যজাত শিশুর দিকে হাত বাড়িয়ে দেখেন শিশুকে হয় নার্স চুরি করে নিয়ে গেছে, নাহয় কুকুরে খেয়ে নিয়েছে। রুগীর বেডে যেখানে কুকুর শুয়ে থাকে সেখানে স্বাস্থ্যবিভাগ নিয়ে গর্ব করার মত কোন কথা থাকে না। তারপর পরিবেশ। মাননীয় মুখ্যমন্ত্রী একটু খেটে ঘুরে আসুন কারণ ওখানে তাঁর এবং আমাদের উত্তরপুরুষরা থাকবেন, আমরা যদিও থাকবোনা। অযোধ্যা পাহাড় থেকে আলিপুরদুয়ার পর্যন্ত আমি ঘুরেছি। ডুয়ার্সে যে বিখ্যাত জঙ্গল ছিল সেই জঙ্গল অঞ্চল আজকে বৃক্ষহীন প্রান্তরে পরিণত হয়েছে। অযোধ্যা পাহাড়ে গিয়ে দেখুন, দেখবেন যে সেটা আজকে ন্যাড়া পাহাড় হয়ে গেছে। পরিবেশ বিভাগ কেন্দ্র এবং রাজ্য দুই জায়গাতেই খোলা হয়েছে, কিন্তু দূষণ দূর হওয়াতো দূরের কথা, দেখছি পরিবেশ ক্রমশঃ দূষিত হয়ে যাচ্ছে। শিক্ষার প্রাথমিক স্তরে আপনারা বলেছেন 'মাতৃভাষা মাতৃদুগ্ধসম'। এই সেইদিন রবীন্দ্রনাথের ১২৫তম জন্মবার্ষিকী আপনারা পালন করলেন এবং তাতে জোড়াশাঁকো থেকে শান্তিনিকেতন পর্যন্ত আপনাদের এক বিচিত্র দৌড় দেখলাম। তাতে ছিল এক বিচিত্র শ্লোগান-'বিশ্বকবি করলো কে? বামফ্রন্ট আবার কে'। বারে আমার তিন বছরের নাতি যদি বলে যে, সে আমার অন্নপ্রাসন দিয়েছে তাহলে সেটা যেমন হাস্যকর হবে, ঠিক তেমনি রবীন্দ্রনাথ যখন নোবেল প্রাইজ পেয়ে বিশ্বকবি হয়েছিলেন তখন সি.পি.আই এম)-এর জন্মই হয়নি। সেইজন্য রবীন্দ্রনাথকে আপনারা বিশ্বকবি বানিয়েছেন এর থেকে হাস্যকর কথা আর কি হতে পারে সেটা আমার কল্পনায় আসেনা।

আমাদের মধ্যবিত্ত ঘরের ছেলে-মেয়েদের জন্য লিখে রেখে দিয়েছেন বাংলা ভাষা মাতৃভাষা, মাতৃদুগ্ধ। আমাদের ছেলে মেয়েরা পড়বে কর, খল, ঘট, জল বা তিন অক্ষরে অচল, অধম। আমি এটা বুঝে নিয়ে এর একটা ব্যাখ্যা খাড়া করেছি। আমি মাষ্টারি করি, সেই জন্য আমি এটা বুঝেছি যে বাঙ্গালীর ছেলেরা বাংলা ভাষার বাইরে কোন কিছু শিখছে না বলে বাংলার বাইরে চাকুরী করার কোন অবকাশ থাকছে না। বাঙ্গালীর ছেলে গুজরাটে গিয়ে যদি বলে যে ভাই আমি বঙ্গদেশ হইতে আসিয়াছি, বামফ্রন্ট সরকারের বঙ্গে আমি বঙ্গভাষা ছাড়া আর কিছু শিখি নাই, আমাকে কর্মসংস্থান করিয়া দাও। ঘাড় ধাক্কা দেবে ওরা। বাঙ্গালীর ছেলে জার্মানীতে গিয়ে ইঞ্জিনীয়ারিং পড়তে পারবে না, বিলেতে গিয়ে ডাক্তারী পড়তে পারবে না, আমেরিকায় গিয়ে বিজ্ঞানী হবে না। সুতরাং বাঙ্গালীর ছেলেদের বাংলা ভাষা নিয়ে এখানে থাকতে হবে এবং কাজ না করে খেতে হবে। যার ফলে হয়ত পড়বে কর, খল, ঘট, জল। যার মানে হ'ল, ওহে বাঙ্গালীর সন্তান, তোমরা বাংলা দেশে থাকিবে, বাংলা দেশে অন্নসংস্থান করিবার না তোমরা কর-খল, অর্থাৎ খল কার্য্য করিয়া বাঁচিয়া থাও। যখন ধরা পড়িবে তখন ঘট নিয়া জল ভরিয়া জলে ডুবিয়া মর। যদি সাহস না থাকে তাহলে তিন অক্ষরে অ-এর পিঠে 'চ' এবং 'চ'-এর পিঠে 'ল' লাগিয়ে অচল হয়ে থাকো। যদি তাও না পারো তাহলে অ-এর পিঠে 'ধ' দিয়ে 'ধ'-এর পিঠে 'ম' দিয়ে অধম হয়ে ভিক্ষা করিয়া খাও। আর যাঁরা এটা বলছে তাঁদের ছেলে মেয়েরা কেউ লা-মার্টিনিয়ার কেউ সেন্ট-পিটার্স-এ গিয়ে ..Humpty Dumpty sat on a wall, Humpty Dumpty had a great fall. করছে। তারা ইংরাজী শিখবে, আই.পি.এস হবে, আই.এফ.এস হবে আই.এ.এস হবে, কেউ যাবে জার্মানী, কেউ যাবে আমেরিকা এবং কেউ যাবে বিলাতে। এই শিক্ষা ব্যবস্থার জন্য আপনারা টাকা চেয়েছেন এবং এই টাকা মঞ্জুরও হবে। এখানে তো হাতের জোরে মঞ্জুর হবে। আমাদের হাত ছিল ৫৫ থেকে ৫৪ তে এসে দাঁড়িয়েছিল বহিষ্কারের ফলে। এর পর হাত আসবে ৪০ খানা। মিঃ স্পীকার স্যার আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে এবং আর সকল মন্ত্রীদের উদ্দেশ্যে বলছি, তাদের কাছে সকল সমস্যাগুলি তুলে ধরছি। আমি এর পর আর আসবো না, নিজে থেকে সরে দাঁড়াচ্ছি I shall not pass through this way again

সুতরাং আমি যা বলছি সেটা আমাকে বলতে দিন, এটা বেদনার কথা, এটা সকলে বুঝবেন না। যাঁদের মাথার চুল পেকেছে কিন্তু মাথা ভেতর পাকেনি আমি তাঁদের জন্য বলছি না, তাঁরা বুঝবেন না। যাঁদের উপর দায়িত্ব দিয়েছে পশ্চিমবাংলার মানুষ, একবার নয়, দুবার নয় তৃতীয় বারের জন্য, যাঁরা বিধান রায়ের মতো যোগ্যতা অর্জন করেছেন পশ্চিমবাংলার মানুষের কাছে তাঁদের কাছে আমি পশ্চিমবাংলার রক্তাক্ত মানুষের আবেদন পৌঁছে দিতে চাই। আজকে যাঁরা আমাদের ভোট দিয়েছে তাঁরা ঘর ছাড়া হচ্ছেন, যাঁরা ভোট দেয়নি তাঁদেরও ঘর ছাড়তে হচ্ছে, তাঁদের লাঙ্গল, বলদ, গরু, ঘর সব পুড়ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি পশ্চিমবাংলায় অনেক রক্ত ঝরেছে, যেন আর রক্ত না ঝরে। আমি আগেও বলেছিলাম, আজও তাই বলছি, যাঁরা নন-কমিটেড ভোটার্স তাঁরা বিউইলডার্স যাঁরা কমিটেড ভোটার্স তাঁরা বেনোম্বিং বিউইলিং, প্লিডিং। এই রক্তপাত বন্ধ করবার দায়িত্ব নেওয়া উচিত ছিল মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর। আমি আজকে থেকে আশা করবো- এতো দিন যে আশা করতে পারিনি-যে স্বরাষ্ট্রমন্ত্রী তাঁর রাজ্যে শান্তি-শৃঙ্খলা বজায় রাখবার জন্য পূর্ণ দায়িত্ব নেবেন, তাঁর কাছে দলটা বড় না হয়ে দেশটা যেন বড় হয়. এ্যাপ্রোপ্রিয়েসান বিল এবং বাজেট যার জন্য চেয়েছেন এই হাউস সেটা পাস করবেই। তিনি যেন সেই টাকা নিয়ে জনতার কল্যাণে লাগান, দলের কাজে না লাগিয়ে মানুষের কাজে লাগান। যাঁরা এখানে বসে চিৎকার করছেন তাঁদের চিৎকার একদিন ইতিহাস ফুৎকারে উড়িয়ে দেবে। যাঁরা ইতিহাস নিজের বুকে ধারন করে রাখবেন তাঁরা ওই দিকে আছেন (ট্রেজারী বেঞ্চ-এর দিকে আঙ্গুল দেখিয়ে বলেন) ওদিকে নেই (সরকারী মেম্বারদের দিকে দেখিয়ে বলেন)। আমি তাঁদের জন্য কিছু বলছি না, তাঁদের নামটা যেন কালো অক্ষরে লেখা না হয় এই চাই। বিধানচন্দ্র রায়ের উত্তরসাধক হিসাবে জ্যোতি বাবু নববাংলার রূপকার। এবারে আমি সেই মুখ্যমন্ত্রীর কাছে প্রার্থনা জানাচ্ছি তৃতীয় বার জয়ী হবার পর তিনি যেন নবতর বাংলার রূপকার হন। সেই বাংলার শান্তি-শৃঙ্খলা, নিরাপত্তা, স্বাস্থ্য, শিক্ষা, আনন্দ এবং আশ্রয় বিঘ্নিত হবে না। ধন্যবাদ

[1.00 – 1.10 p.m]

শ্রী জ্যোতি বসু ঃ মাননীয় স্পীকার মহোদয়, বিরোধী দলের পক্ষ থেকে দু চার জনের কাছ থেকে যে বক্তব্য শুনলাম, সেগুলো তো ওঁরা নির্বাচনের সময়েই বলেছেন। আমি তো নতুন কিছুই ওঁদের কাছ থেকে শুনলাম না, এর জবাব তো আমরা নির্বাচনের সময়েই দিয়েছি। ওঁরা আমাদের বিরুদ্ধে যে সমস্ত কুৎসা এবং সীমাহীন অসত্য কথা বলেছেন, সাধারণ মানুষের কাছে যে সমস্ত ফাঁকির ও ভাঁওতার কথা বলেছেন তার জবাব নির্বাচকমণ্ডলী দিয়েছেন। বিরোধীপক্ষের মাননীয় সদস্য শিক্ষার ব্যাপারে কি বললেন তা আমি ভাল করে ধরতে পারলাম না। আমরা তো এখানে বাংলায় শেখাচ্ছি, আমরা কি জার্মাণীতে গিয়ে বাংলা শেখাচ্ছি? ইংরাজী তো আমরা শেখাচ্ছি, তা ছয় ক্লাস থেকে বারো ক্লাস পর্যন্ত আছে। আমাদের এখানেও তো ইংরাজী পড়তে হয়। সুতরাং বাংলা এবং ইংরাজী, এই দুটোকে একসঙ্গে মিলিয়ে বলা উচিত ছিল। আমাদের এখানে স্বাধীনতার যুগ থেকে নাগাল্যাণ্ড এবং অরুণাচলে, যেখানে অনেকগুলো উপজাতি সম্প্রদায়ের মানুষের বাস, তাদের ভাষা আলাদা আলাদা, আলাদা ভাবে লিখিত কোন ভাষা নেই, সেখানেই তাঁরা ইংরাজী রেখেছেন একেবারে প্রথম ক্লাস থেকে। নাগাল্যাণ্ড এবং অরুণাচল ছাড়া ভারতবর্ষের অন্যান্য রাজ্যে প্রাথমিক স্তরে মাতৃভাষার মাধ্যমে পড়ান হয়ে থাকে। পরবর্ত্তীকালে, চার-পাঁচ ক্লাস থেকে ইংরাজী শেখানো হয়। সুতরাং আমাদের এখানকার ছেলেমেয়েরা নাগাল্যাণ্ড এবং অরুণাচলের ছেলেমেয়েদের সাথে প্রতিযোগিতায় দাঁড়াতে পারবে না, এটা তো আমার কখনও মনে হয় না। আমি তো পৃথিবীর নানা জায়গায় গিয়েছি, আমি দেখেছি সেই সমস্ত জায়গায় তাঁরা নিজের নিজের ভাষাতেই পড়িয়ে থাকেন। জাপানে, কোরিয়াতে, চীনে এবং জার্মাণীতে তো ইংরাজীতে পড়ান হয় না, সেখানে তো তাঁদের নিজের নিজের ভাষাতেই পড়ান। তাই বলে কী চীন, জাপান, কোরিয়া এবং জার্মাণীতে ছেলেরা ডাক্তার, ইঞ্জিনিয়ার হন না? তাঁরা কি অবৈজ্ঞানিক হচ্ছেন? তাঁরা তো দেশকে অগ্রগতির পথে নিয়ে যাচ্ছেন। আমি এই রকম বক্তব্য একজন শিক্ষিত মানুষের কাছে আশা করিনি। তিনি যে কি করে এই রকম বক্তব্য রাখলেন তা আমি বুঝতে পারলাম না। তাঁর কাছ থেকে এত অবজ্ঞা যে আসতে পারে তা আমার কল্পনার বাইরে। তবে এটা ঠিক যে, স্বাধীনতা আন্দোলনের সময়ে আমরা যেটা আশা করে এগিয়েছিলাম, সেটা যাতে আমরা করতে পারি, একেবারে নীচু থেকে উঁচু ক্লাস পর্যন্ত নিজেদের মাতৃভাষায় শিক্ষালাভ করতে পারবো, যে ব্যবস্থা ভারতবর্ষের আর কোথাও আমরা করতে পারিনি, তা করার চেষ্টা করছি, কিন্তু আমরাও তা পারিনি। সেজন্য ইংরাজীটা আমাদের কম্পালসরি রাখতে হচ্ছে। বিজ্ঞান সম্মত ভাবে সেই ব্যবস্থা করা হয়েছে। আমরা দেখেছি যে, গ্রামের ছেলেমেয়েদের একেবারে নীচু ক্লাসে ২/৩ টা ভাষায় পড়তে গিয়ে এক-দু ক্লাস পর্যন্ত পড়ার পর ড্রপ-আউট হয়ে যাচ্ছিল। এটা যাতে না হয়, সেজন্য একটা বৈজ্ঞানিক পদ্ধতির আশ্রয় নিয়ে আমরা এটা করেছি। মাননীয় বিরোধী পক্ষের সদস্য শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যের কথা বলেছেন। এটা তো কংগ্রেস আমলে ছিল। কংগ্রেস আমল এখন আর নেই এবং শিক্ষাক্ষেত্রের সেই নৈরাজ্যও আর নেই। কংগ্রেস আমলে ডাক্তারী পরীক্ষা পর্যন্ত হয়নি। দু বছর ছেলেমেয়েরা এম.এ. পরীক্ষায় বসতে পারেন নি। হার্ডিঞ্জ হোষ্টেল, যেখানে আইন নিয়ে পড়া ছাত্ররা থাকেন, সেখানে গণ্ডগোল লেগে ছিল। মাননীয় সিদ্ধার্থ শংকর রায় পর্যন্ত বলেছিলেন যে ওটা একটা গুণ্ডাদের আড্ডাখানায় পরিণত হয়েছে। তিনি ওটা পরিষ্কার করতে চেষ্টা করেও পারেন নি। আমরা ক্ষমতায় এসে সব ঠিক করে দিয়েছি। এখন আড়াই তিন লাখ করে ছেলেমেয়ে পরীক্ষা দিচ্ছেন। সব পরীক্ষা যথারীতি গ্রহণ করা হচ্ছে। এখানে আইন-শৃঙ্খলা নিয়ে বলা হয়েছে। এ নিয়ে বারেবারে বলে কোন লাভ নেই। আমি মাননীয় বিরোধীপক্ষের কংগ্রেস বন্ধুদের কাছে আবেদন করবো যে, ওঁরা নিজেরা একটু সংযত হোন। কারণ ওঁরা আমার কাছে যতগুলো রিপোর্ট দিয়েছেন, তাতে দেখেছি যে ওঁরাই সব জায়গাতে আক্রমণ করছেন। সিউড়ী থেকে অন্য সমস্ত জায়গাতেই এই জিনিস হচ্ছে। আপনারা কেন এ ভাবে আক্রমণ করছেন? শান্তিতে বাস করুন মানুষ ভোট দিয়েছেন সেটা মেনে নিয়ে নিজেদের কর্ত্তব্য পালন করুন। সেজন্য আমি বলবো যে, আমরা যা করেছি তা আমাদের নিজেদের অভিজ্ঞতা দিয়ে করেছি। এরপরে এখানে নতুন সরকার গঠিত হবে। নির্বাচনে আমরা যে কর্মসূচীর কথা রেখেছিলাম, তার ভিত্তিতে আমরা এখানে আবার আসছি। আমরা আমাদের সেই সমস্ত কর্মসূচী পালনের চেষ্টা নিশ্চয়ই করবো। আমরা নিশ্চয়ই চেষ্টা করবো আরও দক্ষতার সাথে সেই সমস্ত কর্মসূচী রূপায়িত করতে। বিরোধী দলের সংখ্যা এখানে কম। মানুষ তাঁদেরও ভোট দিয়েছেন। সরকারে প্রতিষ্ঠিত হয়ে আমাদের কর্মসূচী পালনে তাদের সহযোগিতা আমরা চাইবো। নতুন বিধানসভা গঠিত হলে তখনও চাইবো। এই রকম সহযোগিতা তো আগেও চাওয়াহয়েছে। আমরা কী একসঙ্গে এখান থেকে প্রস্তাব গ্রহণ করে দিল্লীতে পাঠাই নি? ওঁদের আমলে এই রকম হয়নি। আমরা এখান থেকে পাটকল

জাতীয়করণের মত গুরুত্বপূর্ণ বিষয়ে দিল্লীতে ডেলিগেশান নিয়ে গিয়েছি। আরও অনেক বিষয় নিয়ে এখান থেকে আমরা দিল্লীতে গিয়েছি। কাজেই কতগুলি বিষয়ে শত মত পার্থক্য থাকা সত্ত্বেও একসঙ্গে করা যায় যদি জনগণের স্বার্থ এবং পশ্চিমবঙ্গের স্বার্থ আসে। কিন্তু হেরে যাবার পরে বা পরাজিত হবার পরে যদি এই রকম সব মনোভাব হয় যা প্রতিফলিত হচ্ছে কয়েকটি জায়গায় তবে সেসব স্তব্ধ হয়ে যাবে, ওইসব আমরা করতে দেবো না, শান্তিশৃঙ্খলা রক্ষা করবো কারণ আমাদের একটা সুনাম আছে পশ্চিমবাংলায়। এইরকম শান্তিপূর্ণ ভাবে নির্বাচন কংগ্রেস রাজ্যে কোথাও হয় না এসব তো আপনারা সকলেই জানেন। কংগ্রেসীদের আরেকটি দুরবস্থা যে এখানকার কংগ্রেসীদের যেহেতু মানুষ আর বিশ্বাস করলেন না বা করছিলেন না সেইজন্য তারা প্রধানমন্ত্রী কে দিয়ে কত অসত্য কথা, কত অসত্য ভাঁওতা দিয়েছিলেন, তার কি রূপ প্রকাশিত হয়েছে, এটাতে দেশের উপকার হল না তারা প্রিয় হল? এইসব জিনিষ নির্বাচনের জন্য করতে? যাইহোক আমি তারমধ্যে যাচ্ছি না, আমার বেশী কিছু বলার নেই যে কটি টাকা চেয়েছি কেন চেয়েছি আপনারা তা জানেন। আমরা ৪ মাসের জন্য চেয়েছি এবং আশা করি সেগুলির পক্ষে আপনারা রায় দেবেন।

The motion of Shri Jyoti Basu that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1987, be taken into consideration, was then put and agreed to

Clauses 1 to 3, Schedule and Preamble

The question that Clauses 1 to 3, Schedule and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Jyoti Basu : Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1987, as settled in the Assembly, be passed.

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপর ঠিকমত আলোচনা হল না এবং আলোচনা করার সুযোগ কম তার কারণ সংবিধানের ২০৪ নং ধারার ক্লজ নং ২তে কোন এ্যামেণ্ডমেন্ট দেওয়া যাচ্ছে না। এটাই সবচেয়ে বড় সমস্যা এবং যারজন্য মুখ্যমন্ত্রী বললেন যে কি বললেন ওরা বুঝাতে পারলাম না। আপনিও একটু আগে বললেন এটা এ্যাপ্রোপ্রিয়েট হয়না এ্যামেণ্ডমেণ্ড আসে না বলে। এ্যামেণ্ডমেন্ট হলে ঠিকই এ্যাপ্রোপ্রিয়েট হোত। মুখ্যমন্ত্রী নিজে একবার প্রধানমন্ত্রীর কথা তুলে একেবারে ইউরোপ থেকে ঘুরে দিল্লী অবধি চলে গেলেন। আমি খুব সংক্ষেপে বলছি-এ্যাপ্রোপ্রিয়েশান বিলের মধ্যে যেটা আমরা দাবি করি যে কিসের উপর প্রায়োরিটি দিচ্ছেনয মোশানটা কি এটা যেন স্পষ্ট করে বলা থাকে যেটার অভাববোধ পরিলক্ষিত হচ্ছে। আর উনি যেটা বলছেন সেটা সত্য কথা নয়, তার মধ্যে বারেবারে একটা অসত্য কথা থেকে যাচ্ছে। বারেবারে এই অসত্য কথা কেন বলা হচ্ছে বুঝতে পারলাম না। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন ধরে পরীক্ষা হচ্ছে না অথচ উনি এখনো বলে যাচ্ছেন পরীক্ষা নিয়মিত হচ্ছে ১৯৭২ সালের ধবজা ধরে। শিক্ষা, হাসপাতাল ইত্যাদির কথা তুলতে উনি প্রধানমন্ত্রী, বিহার, উড়িষ্যা প্রভৃতির কথা তুললেন কেন বুঝতে পারলাম না। এই মুখ্যমন্ত্রী বারেবারে স্বীকার করেছেন যে কয়েকটি দপ্তরের কাজ আশানুরূপ হয় নি। তারমধ্যে সবচেয়ে বড় বিষয় হচ্ছে শিক্ষা এবং স্বাস্থ্য। এই শিক্ষা এবং স্বাস্থ্য দপ্তরের সাথে সাথে আরেকটি দপ্তর আছে যাঁর মন্ত্রীর ৩ ফুট হাইট কিন্তু ১০ ফুট উঁচু তার দুর্নীতি, তিনি কি করে মুখ্যমন্ত্রীর পাশে বসেন তাও বুঝিনা। এই কটি দপ্তর যে ব্যর্থ এটা স্বীকার করে নেওয়া উচিত। একটি সরকার বারেবারে নির্বাচিত হচ্ছে তার দায়িত্ব অনেক বেশী। সত্যবাবু যেকথা বললেন সেকথা অস্বীকার করার কোন উপায় নেই। নির্বাচিত হয়ে যাবার পরে মুখ্যমন্ত্রী বলেছেন আমাদের দায়িত্ববোধ অনেক বাড়লো। আমরাও স্বীকার করি আপনাদের অনেক দায়িত্ববোধ বাড়লো এবং এই সাজানো বিধানসভায়.যতই আমরা বলি না কেন এবং যতই আমরা নির্বাচনের সম্বন্ধে বক্তব্য রাখি না কেন এটা তো আমাদের স্বীকার করতেই হবে জনসাধারণ আপনাদের বারেবারে নির্বাচিত করেছেন। সেইজন্য আপনাদের স্বীকার করতেই হবে যে কয়েকটি দপ্তরের ব্যর্থতার কথা। এখানে এমন জায়গায় গেছে যে এটা মানুষের প্রশ্ন, কংগ্রেস কমিউনিস্টের প্রশ্ন নয়। সেইজন্য আমরা আশা করেছিলাম যে সেসব জায়গায় প্রায়োরিটির কথা ওনারা দেবেন, সেসব জায়গায় মোশানের কথা বলবেন। কিন্তু কিছুই দেখলাম না। সেইজন্য এই এ্যাপ্রোপ্রিয়েশান বিলের আমরা বিরোধীতা করছি।

The motion of Shri Jyoti Basu that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 1987, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

THE WEST BENGAL APPROPRIATION BILL, 1987.

The motion of Shri Jyoti Basu that the West Bengal Appropriation Bill, 1987, be taken into consideration, was then put and agreed to .

Clauses 1 - 3 the Schedule and Preamble

The question that clauses 1 - 3 Schedule and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Jyoti Basu Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 1987 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to

[1.10 – 1.20 p.m]

The Bengal Amusements Tax (Amendment) Bill, 1987

Shri Jyoti Basu : Sir, I beg to introduce the Bengal Amusements Tax (Amendment) Bill, 1987 and to place a statement under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Under the Bengal Amusements Tax Act, 1922, an entertainment tax, totalisator tax and betting tax for horse racing were charged, levied and paid to the State Government at different rates as specified in the Act itself. The said rates were not proving conducive to Govt. revenue and were providing substantial incentive to illegal book-makers and operators in the trade. But the State Government was not in a position to rationalise the tax rates on convincing grounds and when situation demanded for immediate action in the public interest without going through the time-consuming process of amendment of the Act.

The Bengal Amusements Tax Act, 1922, was, therefore, amended by way of promulgation of the Bengal Amusements Tax (Amendment) Ordinance, 1986 fixing the upper limit of rate of (i) Entertainment tax for horse racing not exceeding 100 percent (ii) totalisator tax not exceeding 20 percent and (iii) betting tax for different classes of bets at such rates not exceeding 20 per cent. The said Ordinance also empowered the State Government to fix different rates of tax within the ceiling rates as aforsaid by notification in the Official Gazette.

The promulgation of the said Ordinance was necessary as the Assembly was not in session at that time

(Secretary then read the title of the Bill)

Shri Jyoti Basu : Sir, I beg to move that the Bengal Amusements Tax (Amendment) Bill, 1987, be taken into consideration

ডাঃ জয়নাল আবেদীন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রস্তাব রেখেছেন আমি এর একটা বিকল্প প্রস্তাব রাখতে চাই। আপনি যে রেভিনিউয়ের কথা বলছেন, ইউনিফর্ম রেভিনিউ পাচ্ছেন না, ইনসেনটিভ হচ্ছে না - ঠকাচ্ছেন আপনারা। আর জুয়া খেলা, ঘোড়া খেলা এই গুলি কি আপনি তুলে দিতে পারেন না। এটা একটা ইউরোপিয়ান কাস্টাক্ষয় আমাদের রেসকোর্স। এতবড় একটা জায়গা এই কলকাতায়-কান ইউ থিংক ইট? you are a Marxist and you claim to be peoples man এই জায়গাটা থেকে রেসের ব্যবস্থা কি তুলে দেওয়া যায় না? এটায় এমন কি রেইজ আসে? যে রেভিনিউয়ের ফলে একদিকে সর্বহারা মানুষের অর্থ আসছে, অন্যদিকে আর একদল সর্বহারা হচ্ছে - ইকুয়ালি যারা জুয়া, সাট্টা খেলছে তাদেরও একই অবস্থা। এই ভাইসকে আপনি রেগুলারাইস করতে চাইছেন কেন-এটাকে তুলে দিতে চাইছেন না কেন? এটা আমি আপনার কাছে একটা বিকল্প প্রস্তাব হিসাবে রাখতে চাইছি।

আপনার কাছে আর একটা প্রস্তাব রাখছি-এই যে এতবড় একটা জায়গা, আপনার তো হেলিপ্যাডের জন্য দরকার হয়, এর একটা পোর্শান রেখে বাকিটা ফ্রুটফুল ইউটিলাইজেশান হয়না কি? Garer Math happens to be lungs of Calcutta. This field is the lungs of Calcutta এখানে যে পালিউশান, এনভায়রনমেন্ট পালিউশান, ইকোলজিকাল ইমব্যালেন্স একটা সীমার যে অপরিণত অবস্থা-এটাকে আপনি-এই ব্যবসাটাকে তুলে দিতে পারেন কিনা এবং মোর ফ্রুটফুলি কিছু ইউটিলাইজ-র ব্যবস্থা করতে পারেন কিনা-এটা কি দেখবেন। কারণ এর থেকে যে রেভিনিউ আপনি সংশোধিত আকারে পাচ্ছেন এটা না হলেও বোধ করি চলবে। This is not the main source of the state exchequer এটা আপনার কাছে আমি সবিনয়ে নিবেদন করছি-এছাড়া আর কিছু নয়।

শ্রী সুব্রত মুখোপাধ্যায় ঃ স্যার, কলকাতা শহরে দুটো রেসকোর্স আছে। একটা কসমোপলিটন টাউনে একটা রেসকোর্স থাক অস্বীকার করিনা। দুটো রেসকোর্স একটা টালিগঞ্জে, আর একটা কলকাতায় থাকার দরকার নেই। খুব বড় একটা ট্যাক্স এখান থেকে আদায় হয়না, বরং এসব থাকার দরুন মানুষ ফাটকা, জুয়া খেলার সুযোগ পায় যার ফলে বহু মানুষ সর্বশান্ত হচ্ছে। বাচ্চা ছেলেরা সন্ট লেকে খেলা দেখতে যাবে, ঘোড়ার রেস দেখতে কলকাতায় যাবে। বৃটিশের সময় যখন এটা হয়েছিল তখন এটা শহরের প্রান্তে ছিল। গলফ গ্রীনে যেটা আছে সেটাকে বড় করা যায় তাতে আপত্তি নেই। ১০ মাইল দূর থেকে লোক আসবে। কিন্তু পরিবেশ দূষণের কথা চিন্তা করে এটাকে তুলে দেয়া যায় কিনা? এখানে ঘোড়ার ট্র্যাক মেনটেন করা হয়না। মাঝখানে ৫০০ স্কোয়ার ফুট জায়গায় গর্ত হয়ে গেছে। এটাকে ভাল করার ব্যবস্থা করলে ভাল হয়। সত্যনারায়ণ পার্কে মাটির তলায় বাজার না করে এখানে দিল্লীর পালিকা বাজারের মত বাজার করতে পারলে ভাল হয়। টালিগঞ্জের রেসকোর্সটাকে রিনোভেট করলে ভাল হয়। এইগুলি আমার প্রস্তাব।

শ্রী জ্যোতি বসু ঃ—স্যার, কংগ্রেস আমলে এবং আমাদের আমলেও আমরা এটা তুলে দেবার বিষয় নিয়ে আলোচনা করিনি। আসল কথা হচ্ছে এখানে বেআইনী কাযকলাপ যা হচ্ছে তা বন্ধ করা। কারণ এতে মানুষের ক্ষতি হচ্ছে, আমাদের রেভিন্যুও কম হচ্ছে। সুতরাং এদিক থেকে কতটা কি করা যায় সেই চেষ্টা করছি অর্থাৎ কিছু কম করলে যাতে কিছু বেশি আদায় হয়। আর ইললিগ্যাল বেটিং যেগুলি হয় তা ইট উইল নট বি ওয়ার্থহোয়াইল ফর দেম। আমরা যেটা করার চেষ্টা করছি তাতে মানুষ এ জিনিষ করতে খুব বেশি উৎসুক হবে না। আর এটা যে পরিবেশকে কি খারাপ করছে তা বোঝা যাচ্ছে না। এইসব নীতিগত কথা একটু আগে বললে ভাল হতো। একে তো স্পোর্টস হিসেবে নেয়া যায় এবং তাহলে এটা খারাপ নয়। আসল কথা হচ্ছে ইললিগ্যাল বেটিং যেটা হচ্ছে তাতে বহু মানুষ

ছড়িয়ে পড়ছে। আমরা এটাকে কতটা বন্ধ করা যায় তার চেষ্টা করছি। এরজন্য একটা অর্ডিনান্‌স ছিল তাকে আইনে রূপান্তরিত করছি। আশাকরি আপনারা অনুমোদন দেবেন।

The motion of Shri Jyoti Basu that the Bengal Amusement Tax (Amendment) Bill, 1987, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 5 and Preamble

The question that Clauses 1 to 5 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Jyoti Basu : Sir, I beg to move that the Bengal Amusement Tax (Amendment) Bill, 1987, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Official Language (Amendment) Bill, 1987.

Shri Syed Abul Mansur Habibullah : Sir, I beg to introduce the West Bengal Official Language (Amusement) Bill, 1987 and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(1-20—1-30 p.m.)

দি ওয়েষ্ট বেঙ্গল অফিসিয়াল ল্যাংগোয়েজ (এ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৮৭ এই বিলটা আসার আগে আমাদের অর্ডিন্যান্স করে এই ধারাটা রাখতে হয়েছিল যাতে পশ্চিমবাংলার রাজ্যপালের-প্রধারিকারাধীনে বাংলায় আমরা যা তর্জমা করি প্রকাশের জন্য সেগুলি যাতে রাজ্যপালই তার অথরাইজেসান দিতে পারেন। সেই ব্যবস্থাটা করা হয়েছে এই আইনের দ্বারা। এই আইনটা না থাকার ফলে আমাদের সমস্তটাই কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাতে হত, রাষ্ট্রপতির দ্বারা করাতে হত। অন্যান্য রাজ্য এটা করেছেন, আমাদের এখানেও রাজ্যপালের অথরাইজেসানে যাতে নেপালী এবং বাংলা ভাষায় প্রকাশিত হতে পারে তারই ব্যবস্থা নেওয়া হয়েছে অফিসিয়াল ল্যাংগোয়েজ বিলে।

(Secretary then read the Title of the Bill)

Shri Syed Abul Mansur habibullah : Sir, I beg to move that the West Bengal Official Language (Amusement) Bill, 1987, be taken into consideration.

শ্রী সুব্রত মুখার্জী :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাধারণভাবে এর বিরোধিতা আমরা করছি না। আমি মনে করি যে বাংলা এবং নেপালী ভাষায় সমস্ত কিছু ইস্তাহারগুলি হওয়ার দরকার আছে। আমি বুঝতে পারছি না এই ডিপার্টমেন্ট থেকে এটা কেন এল। এটা সাধারণভাবে আসার কথা ইনফর্মেশান ডিপার্টমেন্ট থেকে যদি পরিবর্তন কিছু না হয়ে থাকে। কারণ, ভাষা সংক্রান্ত গভর্নমেন্টের সমস্ত পলিসি রূপায়িত করার দায়িত্ব ইনফর্মেশান ডিপার্টমেন্টের। এটার পরিবর্তন কিছু হয়েছে কিনা আমরা জানি না, মুখ্যমন্ত্রী মহাশয় এটা আমাদের জানাবেন। যদি এটা ত্রুটি হয় তাহলে আপনার অনুমতি নিয়ে এই বিলটাকে রাখার দরকার আছে। আমার দ্বিতীয় প্রশ্ন হল প্রত্যেকবার ভাষা সংক্রান্ত আলোচনা হয় যে বাংলা ভাষায়, নেপালী ভাষায় রূপান্তরিত করে করা হবে, তারজন্য ট্রেনিং, স্টেনোর ব্যবস্থা করা হবে। কিন্তু ১৯৬০-৬১ সাল থেকে ১৯৮৭ সাল পর্যন্ত আমরা উপযুক্ত জায়গায় পৌছাতে পারিনি। এই ব্যাপারে কে দোষী বা কার দোষ আমি বলতে চাই না, কিন্তু দুঃখের কথা উপযুক্ত পরিমানে ভাষাকে আমরা স্বীকৃতি দিতে পারিনি। একটু আগে ভাষা নিয়ে কথা হয়েছে, আমি নিজে মনে করি যে বাংলা ভাষা সর্ব স্তরে চালু হওয়া ভাল। আমি ইংরাজী ভাষার কৌলিন্যের বিরোধী। কিন্তু দ্বিমুখী যে শিক্ষা ব্যবস্থা এবং দ্বিমুখী যে ভাষা এটা পরোক্ষভাবে একটা ভাষা সাম্রাজ্যবাদের ক্রীতদাস। আপনি ক্লাস ফোর, ফাইভ, সপ্ত অবধি শেখাবেন না, তারপর শেখাবেন এটা বিশ্বের কোথাও নেই। সব দেশে, এমনকি রাশিয়াতেও নিজের ভাষা রিজিওন্যাল ল্যাংগোয়েজ, রাশিয়ান ভাষা এবং আর একটা বিদেশী ভাষা এই ত্রিমুখী নীতির ভিত্তিতে শেখান হয়। কিন্তু আমাদের এখানে রিজিওন্যাল ভাষা শেখান হচ্ছে, তার সঙ্গে অনুরূপভাবে জাতীয় স্তরে একটা ভাষা এবং ইন্টারন্যাশন্যাল ল্যাংগোয়েজ শেখান হচ্ছে না। সুতরাং ভাষা সম্পর্কে যে বৈজ্ঞানিক শব্দ ব্যবহার করা হচ্ছে সেই বৈজ্ঞানিক চিন্তা রূপায়িত হচ্ছে না। যদি রূপায়িত হয় তাহলে এই বিল সম্বন্ধে আপত্তি করার কোন কারণ আছে বলে মনে করি না। সব জায়গায় ইংরাজী ঢোকাতে হবে এতে আমি বিশ্বাস করি না।

এদিকে কে. জি. লরেটো, কনভেন্ট, ডনবস্কো ইত্যাদি স্কুলগুলি থাকবে, সরকারী দপ্তরে লোয়ার ডিভিসন ক্লার্ক থেকে সুরু করে অন্যান্য পদে এবং এমন কি আর্দালি পদে নিয়োগের জন্য যে পরীক্ষা হবে সেখানে ইংরেজী পরীক্ষা হবে অথচ ওদিকে বলছেন ইংরেজী উঠিয়ে দেওয়া হবে। এতো এক অদ্ভুত পরিস্থিতি। আমি মনে করি এই ব্যবস্থায় দেশের সামগ্রিকভাবে ক্ষতি হয়। আমি বিলের ব্যাপারে একমত হয়ে আবেদন করছি এর ইমপ্লিমেনটেসন যেন দ্রুত গতিতে হয়।

শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লা :—মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভাষার ব্যাপারে যে বিল এসেছে এটা জনসংযোগ দপ্তরের বিষয় একথা ঠিক। কোন বিষয় আইন সংক্রান্ত প্রশ্ন দেখা দিলে সেটা আইন দপ্তরই দেখবে এটাই নিয়ম।

শ্রী সুব্রত মুখার্জী :—স্যার, অন্ এ পয়েন্ট অব অর্ডার। নিয়ম হল পেরেন্ট ডিপার্টমেন্টের থেকে আইনের পরামর্শ চাইবে, কিন্তু প্লেশ করবে পেরেন্ট ডিপার্টমেন্ট

মিঃ স্পীকার ঃ—আমি জানি অফিসিয়াল ল্যাংগোয়েজের ব্যাপারটা লেজিজলেটিভ ডিপার্টমেন্টের ব্যাপার। আপনি বসুন, মিঃ মুখার্জী।

শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লা ঃ—ইন সো ফার অ্যাস্ অফিসিয়াল ল্যাংগোয়েজ এ্যান্ড লিগ্যাল অ্যাসপেক্টস্ আর কনসার্ন্ড এটা লেজিজলেটিভ দপ্তরের হাতে রয়েছে, ড্রাফ্টিং অব দি বিল লেজিজলেটিভ ডিপার্টমেন্টই করে এবং সেইজন্যই এটা আমার ডিপার্টমেন্টের তরফ থেকে করা হয়েছে। বর্তমানে প্রায় ১০০টি আইন রয়েছে যেগুলো প্রকাশ করতে অসুবিধা হচ্ছে। আমরা মোটামুটিভাবে এই কাজ ত্বরান্বিত করবার চেষ্টা করছি। আমাদের আইন দপ্তরের হাতে প্রকাশনার দায়িত্ব ছিল না। সরকারি প্রকাশন দপ্তরও বিভিন্ন ব্যাপারে ভারাক্রান্ত। আমরা যে সমস্ত বই প্রকাশ করেছি তার অনেকগুলোই ছাপার অভাবে পাওয়া যাচ্ছে না। তবে আমরা আশা করি প্রকাশন বিভাগ আমাদের হাতে আসার ফলে খুব শীঘ্রই এগুলি প্রকাশ করা যাবে এবং তার ফলে অভাব খানিকটা দূর হবে।

The motion of Shri Syed Abul Mansur Habibullah that the West Bengal Official Language (Amendment) Bill, 1987, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1, 2, 3 and Preamble

The question that Clauses 1, 2, 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to

Shri Syed Abul Mansur Habibullah : Sir, I beg to move that the West Bengal Official Language (Amendment) Bill, 1987, as settled in the Assemble, be passed.

শ্রী অমরেন্দ্র নাথ ভট্টাচার্য ঃ—মাননীয় স্পীকার মহাশয়, আমাদের যে পরিভাষা আছে তার বোধহয় একটু পরিবর্তন করা দরকার। আমাদের কাছে 'পুলিশ' কথাটাই প্রচলিত, কিন্তু সেখানে যদি 'আরক্ষা' বলতে হয় তাহলে তো বলতে হবে রক্ষা কর, রক্ষা কর। আমি ইংরেজীতে দুর্বল, কিন্তু বাংলাতে অত দুর্বল নই। তবুও বলছি আমাদের যে পরিভাষা হয়েছে তা আমার পক্ষে বোঝা শক্ত। চেয়ার, টেবিলের জায়গায় যেন কুর্সি, কেদারা ব্যবহৃত না হয় সেদিকে দৃষ্টি দেবেন। আমরা যে ভাষায় কথা বলতে অভ্যস্ত সেই রকম ভাষাতেই যেন পরিভাষা হয় আইন সংক্রান্ত বিষয়ে এই অনুরোধ রাখছি। পরিভাষার মানে খুঁজতে আমাদের যেন চলন্তিকা, শব্দকল্পদ্রুম ইত্যাদির সাহায্য নিতে না হয় এই অনুরোধ আমি বাঙ্গালীদের হয়ে আইন মন্ত্রীর কাছে রাখছি।

শ্রী সৈয়দ আবুল মনসুর হবিবুল্লা ঃ—পরিভাষা সম্বন্ধে মাননীয় সদস্য যা বললেন তাতে তাঁর সঙ্গে আমি একমত। আপনারা সকলেই জানেন পরিভাষার ব্যাপারে প্রখ্যাত ভাষাবিদ্, বিধান পরিষদের চেয়ারম্যান ডঃ. সুনীতি কুমার চাটার্জীর অধিনায়কত্বে একটা ব্যবস্থা হয়েছিল এবং সেই ব্যবস্থাই আমাদের চলে আসছে। মাননীয় সদস্য যেকথা বলেছেন সেটা আমিও খুব অনুভব করি। আমরা দেখেছি বাংলাদেশের সরকার কিন্তু অনেক ইংরেজী শব্দ ব্যবহার করেছেন, যেমন পুলিশকে তাঁরা 'আরক্ষা' না বলে পুলিশই বলেছেন। অমরবাবু যেটা বলেছেন সেটা বিচার্য বিষয় নিশ্চয়ই। নূতন পরিভাষা সম্বন্ধে আমাদের বিবেচনা করা উচিত একথা আমিও মনে করি।

[1.30 - 1.40 P. M.]

The motion of Shri Syed Abul Mansur Habibullah that the West Bengal Official Language (Amendment) Bill, 1987, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

Mr. Speaker : There is an important matter to which I would like to draw the attention of the House. Before the House concluded its last session, during my absence while I was abroad to attend the conference in London, a problem had arised. Shri Ashok Ghosh gave a notice of motion as regards Gorkha National Liberation Front movement. In the Course of debate on the subject it appears that the motion was not moved by him but somehow or other the House had voted on it. That is a technical defect. That is a mistake which I would like to settle. Therefore, I am reading a motion of which I want the consensus of the House because I do not want to leave any mark or spot on our record of the House which is otherwise impeccable. The motion is as follows :—

"Shri Ashok Ghosh and five other members submitted a notice of motion on the G. N. L. F. movement. It was included in the order paper of the House on 30/9/86. Though not moved, this motion was taken up in the House for discussion along with two other motions on the same subject moved by other members and voting also took place on this unmoved motion.

the procedure adopted on this unmoved motion seems to be irregular. The motion cannot be the property of the House on its mere inclusion in the order paper of the House. It becomes so only after it is moved vide p. 462 Bengal Legislative Assembly Proceedings, 1964 vol. LXXVII (67) No. 1.

In this connection, it may be stated that if a member is unwilling no other member can move the motion vide p. 113 of A.R. Mukherjee's Parliamentary Procedure in India (Third Edition).

In view of the above I put it to the House that the proceedings of the House so far as they relate to the unmoved motion of shri Ashok Ghosh and five others be expunged.

If I have consensus and approval of the House the motion can be adopted.

(Voices—agreed)

Then this House agrees to the motion.

Now before we depart I would like to hear some of the members. I call upon Shri Subrata Mukherjee.

শ্রী সুব্রত মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮২ সালে যে হাউস সুরু হয়েছিল আজ তার শেষ দিন। আমরা এই হাউসে বিরোধীদলের ভূমিকায় ছিলাম। হাউসে আলোচনা প্রসঙ্গে আপনার সঙ্গে আমাদের অনেক বিতর্ক হয়েছে তবুও আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি আমাদের দলের পক্ষ থেকে। অপোজিসন পার্টির তরফ থেকে আমরা ফর্মাল ওয়েতে অনেক ব্যাপারে অপোজ করেছি। আপনি খুব দক্ষতার সঙ্গে হাউস পরিচালনা করেছেন এবং আশা করি আগামী দিনেও আমরা আপনার সহযোগিতা পাব, অবশ্য ইতিপূর্বে এই হাউসে বসেই দু-চার ঘা খেয়েছি। বিহারের খবর যা জানি তাতে বলতে পারি যে ওসব সত্ত্বেও আমরা বিধানসভার পবিত্রতা খুব ভালভাবে রক্ষা করতে পেরেছি, আপনার নেতৃত্বে এবং আশা করি ভবিষ্যতেও পাবব। মুখ্যমন্ত্রীকে আমাদের দলের তরফ থেকে ধন্যবাদ জানাচ্ছি অবশ্য আমাদের দলের মুখ্যমন্ত্রী হলে আরও খুশী হতাম। যাই হোক ১০ বছর ধরে উনি মুখ্যমন্ত্রী হিসাবে রয়েছেন এবং আবার যে জ্যোতিবাবু মুখ্যমন্ত্রী হয়ে আসছেন তার জন্য আমরা গর্বিত। তবে একটা কথা বলি, মন্ত্রীদের অনেক সময় দেখেছি ভারসাম্য হারিয়ে ফেলেন— এদিকে যেন মুখ্যমন্ত্রী নজর দেন। আমরা এখন ৪০ জন সদস্যে এসে পৌঁছেছি এবং ওঁরা রয়েছেন ২৫১ তে। কাজেই অনুরোধ করছি এ অবস্থায় ভারসাম্য যেন হারিয়ে না ফেলেন।

মুখ্যমন্ত্রীর কাছে সবিনয়ে অনুরোধ করছি যে, অনেক জায়গায় আপনাদের সঙ্গে একমত হয়ে এক সঙ্গে ডেপুটেশন দিয়ে এটা ঐতিহ্য আমরা রক্ষা করেছি এবং এই ঐতিহ্য আগামি দিনে রক্ষা করলেও বাঙালীর সব সমস্যার সমাধান তাতে হয়ে যাবে না, কেন আমাদের অনেক অর্থনৈতিক, সামাজিক সমস্যা রয়েছে, তাই আমাদেরকে যেন সম্পূর্ণ অবহেলা করা না হয়। অনেক জায়গায় খুব কটাক্ষ করলে ওঁনার সম্পর্কে ব্যক্তি জ্যোতিবাবু আর সি পি এম-এর জ্যোতিবাবুর মধ্যে একটা আলাদা পার্থক্য মনে হয়, সেটা যেন একটু উঠে যায়। মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর ৬ কোটি মানুষের মুখ্যমন্ত্রী, এটাই যেন প্রকাশ পায়। আর আপনি মোটামুটি নিরপেক্ষ হলেও পুরোপুরি নিরপেক্ষতায় বিশ্বাস করেন না, এবারে পুরোপুরি নিরপেক্ষতায় বিশ্বাস করবেন। আর আপনার সঙ্গে ছিলেন কালিমুদ্দিন সামস সাহেব, তিনি আসতে পারেন নি, দুঃখের কথা উনিও যোগ্যতা দিয়ে আপনাকে সাহায্য করেছেন। আমি আশা করি যারা এসেছেন, তারা আবার আসবেন, আর যারা আসতে পারলেন না, তারা আগামীবার আসবেন। তবু সব কিছু মিলিয়ে রীতি, নীতি, সংযম ইত্যাদি তুলনামূলক ভাবে বজায় ছিল। আজকে তাই হাউস শেষ হবার সঙ্গে সঙ্গে আমাদের দলের পক্ষ থেকে এবং ব্যক্তিগতভাবে আমি আবার সকলকে ধন্যবাদ দিচ্ছি।

শ্রী ভক্তিভূষণ মণ্ডল ঃ অধ্যক্ষ মহাশয়, আমরা প্রায় ৫ বছর ধরে এই হাউসে যে কাজগুলি করা দরকার সেই সব কাজ করেছি। কোথাও কোথাও হয়ত কিছু একটা ত্রুটি, বিঘ্ন ঘটিয়ে দিয়েছে কংগ্রেস পক্ষ এবং সেখানে কিছু কিছু বাধা সৃষ্টি হয়েছে। কিন্তু আপনি যেভাবে হাউস চালিয়েছেন এবং মুখ্যমন্ত্রীকে এই বিষয়ে সাহায্য করেছেন তার জন্য সবাইকে ধন্যবাদ দিচ্ছি এবং সেই সঙ্গে সঙ্গে এখানকার কর্মচারী, যারা আমাদের সাহায্য করেছেন তাদের সকলকে আমাদের পার্টি ফরোয়ার্ড ব্লকের পক্ষ থেকে ধন্যবাদ দিচ্ছি নমস্কার।

শ্রী আবদুস সাত্তার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বর্তমান সেসানের আজকে শেষ দিন। নতুন এ্যাসেম্বলী পরবর্তীকালে আরম্ভ হবে। আমরা গত ৫ বছর ধরে এক সঙ্গে ছিলাম। অনেক সময় অনেক কথা এখানে হয়েছে। সুতরাং অনেকের মনে দুঃখ থাকতে পারে। সেই হিসাবে যদি কেউ দুঃখ পেয়ে থাকেন তাহলে আমি আমাদের পার্টির তরফ থেকে ক্ষমা চেয়ে নিচ্ছি। আমাদের বাম ফ্রন্ট আবার যে ক্ষমতায় এসেছে সেই জন্য আমাদের হাউসের লিডার জ্যোতি বসু মহাশয়াকে আমি ধন্যবাদজ্ঞাপন করছি। আর আপনি যে ভাবে হাউস চালিয়েছেন তাতে অনেক সময় পছন্দ নাও হতে পারে---তবুও আমি এই কথা বলব যে, আপনি সুন্দরভাবে হাউস চালিয়েছেন, সেই জন্য আপনাকে আপনাকে ধন্যবাদ দিচ্ছি এই হাউসের কাজে যে সমস্ত কর্মচারী আমাদের সঙ্গে সহযোগিতা করেছেন তাদের সকলকেই আমি ধন্যবাদ জানাচ্ছি। কারণ, তাদের সহযোগিতা সত্যিই আমাদের এই হাউস পরিচালনার পক্ষে খুব কাজে লেগেছে। আর যেসব সাংবাদিক এখানে উপস্থিত ছিলেন, আছেন, কিম্বা যারা সংবাদ সংগ্রহ করে চলে গেছেন, আজকের এই শেষ দিনে তাদের সকলকেই আমি ধন্যবাদ জানাচ্ছি। তারাও আমাদের সঙ্গে সহযোগিতা করেছেন। আর সব চেয়ে দুঃখের কথা হল—আমাদের কোন কোন সভ্য এবারে নির্বাচিত হয়ে আসতে পারেন নি, তাদের আসা উচিত ছিল --

বিশেষ করে আমাদের একজন পুরাতন বন্ধু ডাঃ জয়নাল আবেদিন সাহেব তিনি ১৯৬২ সাল থেকে এই হাউসের সদস্য ছিলেন, এবার তিনিও আসতে পারে নি। সত্যিকারে একজন পার্লামেন্টারিয়ান হিসাবে তাঁর নাম এই হাউসে জ্বল জ্বল করতে থাকবে।

[1.40 - 1.50 p. m.]

সামনের হাউসে তাঁকেও আমরা মিস করছি। এটা দুঃখের হ'লেও জনসাধারণের রায় আমাদের মাথা পেতে নিতে হবে এবং আমরা তা নিচ্ছি। অনেকে কাজের প্রশংসাই আজকে আমাদের করতে হয়, কাউকেই বাদ দেওয়া যায় না। এই প্রসঙ্গে পতিতবাবুর কথা আজকে আমার বিশেষ করে মনে পড়ছে। তাঁদে সঙ্গে পলিটিক্যালি আমরা ফাইট করেছি বটে কিন্তু পতিতবাবুকে সব সময় হাসি মুখে আমরা দেখেছি, কখনও তাঁকে ভারাক্রান্ত মনে দেখিনি। তিনি যে ভাব আমাদের সঙ্গে মিশেছেন, যে ভাবে পরিস্থিতি ট্যাকেল করেছেন তা এ অপূর্ব নিদর্শন হয়ে থাকবে। সে জিনিষ কখনই আমরা ভুলতে পারি না, পারবো না। ত ছাড়া আমাদের একজন সভ্য যিনি সভার শুরু থেকে শেষ পর্যন্ত থাকতেন, আলোচনায় অংশ গ্রহণ করতেন সেই কাশীনাথ মিশ্র মহাশয়কেও এবারে আমর হারিয়েছি। এটা আমাদের পার্টির একটা বিরাট লস সে বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু তা হলেও জনসাধারণের রায় আমাদের মাথা পেতে নিতে হবে। গণত বজায় রাখাই এ ক্ষেত্রে মূল বিবেচ্য বিষয় এবং সেটা আজকের ক্ষেত্রেও বটে, ভবিষ্যতের ক্ষেত্রেও বটে। এর পরে আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় নিবেদন করতে চাই। বিষয়টি হচ্ছে, নির্বাচনের পরে অনেক জায়গায় কিছু কিছু দুঃখজনক ঘটনা ঘটছে এবং তার ফলে অনেকের জীবনও চলে গিয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে আমি বলব, এ ক্ষেত্রে তাঁর দায়িত্ব আরো বেশী বেড়ে গিয়েছে কারণ তিনি তৃতীয়বার ক্ষমতায় এসেছেন। এ দায়িত্ব বিশেষ করে তাঁর উপর এবং আমাদের উপরও রয়েছে। খুব বেশী জায়গায় না হলেও কিছু কিছু জায়গায় যে গন্ডগোল চলছে অনতিবিলম্বে সেই সব গন্ডগোল যাতে বন্ধ হয় তা দেখার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। আমাদের কাছে যে খবর এসেছে তাতে দেখছি বিশেষ করে সিউড়ি, চাকদা মেদনীপুর, কসবা, হুগলী, হাওড়ার কিছু পার্টে খুব সাংঘাতিক সব ঘটনা ঘটছে। আমি পুনরায় মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে এই নবম বিধানসভার শেষ দিনে অনুরোধ করবো, আপনি এটা একটু দেখুন। এ ক্ষেত্রেও নিশ্চয় আপনার উপর অনেক দায়িত্ব আছে। আপনার সুনাম যথেষ্ট, যশও যথেষ্ট, সেই সুনাম বজায় রাখার জন্য আপনি দেখুন পশ্চিমবাংলার প্রতিটি নাগরিক যাতে তার সমস্ত অধিকার নিয়ে শান্তিতে বসবাস করতে পারে। আমাদের কংগ্রেসের লোক সবাই ভালো একথা বলছি না কিন্তু এ ক্ষেত্রেও প্রশাসনের দায়িত্ব আছে তা দেখার। আপনাকে অনুরোধ, চারিদিকে যে গন্ডগোল চলছে তা আপনি থামান। পরিশেষে আমি এই সভার সকল সদস্যকে আমাদের পার্টির তরফ থেকে ধন্যবাদ জানাচ্ছি। যাঁরা পুনরায় আসতে পারেন নি তাঁদের জন্য দুঃখ প্রকাশ করে বলছি, তাঁরা এখানে যে পারফরমেন্স রেখে গিয়েছেন তা নিঃসন্দেহে প্রশংসারযোগ্য। আগামী দিনে যে সভা হবে সেই সভা আরো সুন্দর হোক, তাতে গণতান্ত্রিক রীতি-নীতি ঠিক ঠিক ভাবে পালিত হোক এবং এর মাধ্যমে পশ্চিমবাংলার সুনাম আরো বাড়ুক এই আশা করে সকলকে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

শ্রীমতীশ রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘদিন ধরে অধ্যক্ষের আসনে বসে আপনি এই বিধানসভার মানদন্ড যে ভাবে রক্ষা করেছেন তারজন্য আমি আপনাকে এই নবম বিধানসভার শেষ দিনে ধন্যবাদ জানাচ্ছি। সংসদীয় গণতন্ত্র যাতে এই সভায় প্রতিটি ক্ষেত্রে রক্ষিত হয় সেজন্য আপনি সব সময় সজাগ ছিলেন অনেক সময় আপনার কিছু কিছু রুলিং দেখে আমাদের মনে হয়েছে বিরোধীদলের ক্ষেত্রে আপনি বোধহয় একটু নরম মনোভাব দেখাচ্ছেন। কিন্তু আমরা এটা জানি অধ্যক্ষের আসনে বসে সংসদীয় গণতন্ত্রের বিরোধীদলের মর্যাদা এবং তাঁদের অধিকার রক্ষার পূর্ণ দায়িত্ব আপনার সেই আপনি সঠিকভাবে মূল্যায়ণ করে পালন করেছেন। নির্বাচন হয়ে গেছে এবং সেই নির্বাচন পরিচালনার ক্ষেত্রে আমাদের এই পরিষদীয় দলের নেতা এবং বর্ত্তমান মুখ্যমন্ত্রী যে ভাবে ভারতবর্ষের সামনে একটা শান্তিপূর্ণ নির্বাচন কি ভাবে পরিচালিত হয়, তারই তিনি নিদর্শন রেখেছেন, এটা আমার কথা নয়, নির্বাচন কমিশনের পরিদর্শক হিসাবে যিনি ছিলেন প্রতিনিধি হিসাবে যিনি ছিলেন, তিনি কলকাতারও পর্যবেক্ষক ছিলেন, তিনি কলকাতার বুকে সাংবাদিকদের কাছে দাঁড়িয়ে নির্বাচন সম্পর্কে যে অভিযোগ এসেছিল তা খন্ডন করে বলে গিয়েছেন, পশ্চিমবাংলায় শান্তিপূর্ণ অভূতপূর্ব নির্বাচন হয়েছে। এই নির্বাচন সংসদীয় গণতন্ত্রের গৌরবোজ্জল প্রতীক। আমি আমাদের আর. এস. পি.-র পক্ষ তেকে আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাজের শুধু প্রশংসা করছি না, আগামী দিনে সংসদীয় গণতন্ত্রের ক্ষেত্রে আপনি যে বিভিন্ন সময়ে রুলিং দিয়েছেন স্পীকার হিসাবে, সেইগুলো সংসদীয় গণতন্ত্রের কাজে পাথেয় হবে। তার জন্য আপনাকেও অভিনন্দন জানিয়ে এবং এই বিধানসভার অফিসার এবং কর্মচারীদের অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার নবম বিধানসভার শেষ অধিবেশনের শেষ দিন। এই অধিবেশনের শেষ দিনে নির্বাচনের যে রায় হয়ে গেল, তাতে এই বিধানসভায় সংসদীয় গণতান্ত্রিক আন্দোলন-এ অনেকের গুরুত্বপূর্ণ যে ভূমিকা ছিল, তাঁদের কাউকে কাউকে আমরা হারিয়েছি, যেটা অনেকের কাছে আপশোসের বিষয়। আবার নূতন করে যাদের আমরা পবো, তারাও আরও অনেক সম্ভাবনা নিয়ে আসবেন, সেটা ইতিহাস বিচার করবে। কিন্তু আজকে এই বিধানসভায় দাঁড়িয়ে আমি এই কথাই বলবো যে গোটা দেশব্যাপী সমস্ত দিক থেকে যে অবক্ষয়-সংস্কৃতি, নীতি নৈতিকতার যে অবনমন সেদিক থেকে সংসদীয় গণতন্ত্রের যে অতীত ঐতিহ্য, সেই অতীত ঐতিহ্য রক্ষা করা যখন সম্ভব হয়নি সারা দেশে, পশ্চিমবাংলা ব্যাতিক্রম নয়, এটা ঠিক। ফলে সেখানে ত্রুটি বিচ্যুতির সীমাবদ্ধতা ছিল, এটা অস্বীকার করার উপায় নেই। কিন্তু এর মধ্যেও আজকের বিধানসভায় সংসদীয় গণতন্ত্রের যে মর্যাদা, তাকে রক্ষা করার জন্য এই বিধানসভার যাঁরা শুভবুদ্ধিসম্পন্ন সদস্য উদ্যোগ নিয়েছেন এই ব্যাপারে, তার মধ্যে অধ্যক্ষ হিসাবে আপনার সহযোগীতা আমরা পেয়েছি। যদিও মাঝে মাঝে আমাদের মধ্যে অনেকের অনেক প্রশ্ন থাকতে পারে বা extra parliamentory pressure হয়তো কখনও কখনও এই সমস্ত কাজে আপনার

বাধা সৃষ্টি করতে পারে, তৎসত্ত্বেও বলবো, নানা সীমাবদ্ধতার মধ্যে আপনি যে ভাবে বিধানসভার মর্যাদা রক্ষা করতে সাহায্য করেছেন, তার জন্য আমরা কৃতজ্ঞ এবং আপনাকে ধন্যবাদ জানাই। এই হাউসের সমস্ত দলের শুভবুদ্ধিসম্পন্ন সদস্যদের, যাঁরা এই হাউসের পরিবেশকে রক্ষা করতে সাহায্য করেছেন, তাঁদেরও ধন্যবাদ জানাই। এইটুকু বলে সমস্ত সদস্যদের ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ভূপালচন্দ্র পাণ্ডা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের এই নবম বিধানসভার অধিবেশনের শেষ দিন। এই বিধানসভার মর্যাদা রক্ষার জন্য এবং বিভিন্ন সময়ে বিভিন্ন যে সমস্ত জটিল পরিস্থিতির সৃষ্টি হয়েছিল, আপনি তা প্রত্যুৎপন্নমতিত্বের সঙ্গে এবং ধৈর্যের সঙ্গে যেভাবে সেইগুলোর সমাধান করেছেন, তাতে আমাদের এই বিধানসভার গৌরব বর্ধিত হয়েছে। সে জন্য আপনাকে অশেষ ধন্যবাদ। সেই সঙ্গে আমরা জানি যে, ১০ম বিধানসভায় আজকের এই হাউসের অনেক সদস্যই আর আসবেন না, কিন্তু অনেকেই আসবেন এবং তাঁদের কাছে আমার আবেদন, তাঁরা ১০-ম বিধানসভায় পশ্চিমবঙ্গ বিধানসভার ঐতিহ্য এবং মর্যাদা যাতে রক্ষিত হয় তার জন্য সদা সতর্ক থাকবেন এবং সজাগ দৃষ্টি রাখবেন। আমি আশা করি সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের সকল সদস্যই সে চেষ্টা করবেন। ৯ম বিধানসভার শেষ দিনে আমি অভিনন্দন জানাচ্ছি সেই সমস্ত সদস্যদের যাঁরা আমাদের এই পশ্চিমবঙ্গ বিধানসভার মুখ উজ্জ্বল করার জন্য, গৌরব বৃদ্ধি করার জন্য অবদান রেখে গেলেন। অভিনন্দন জানাচ্ছি বিধানসভার সমস্ত কর্মচারীবৃন্দকে এবং বিধানসভায় উপস্থিত সাংবাদিক মহলকে। তাঁরা বিধানসভা পরিচালনার ক্ষেত্রে যথেষ্ট সহযোগিতা করেছেন। সেই জন্য আমি তাঁদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। এই প্রসঙ্গে আমি আশা করছি যে, আমাদের ১০ম বিধানসভা এমন একটা ভূমিকা পালন করবে, এমন উদাহরণ তুলে ধরবে যা থেকে দেশের অন্যান্য রাজ্যের বিধানসভাগুলি শিক্ষা গ্রহণ করবে। এই আশা রেখে সকলকে আর একবার ধন্যবাদ জানিয়ে, বিশেষ করে স্পীকার মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1.50 - 2.00 p. m.]

শ্রী অমরেন্দ্রনাথ ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে ৯ম বিধানসভার শেষ দিনের এই শেষ মুহূর্তে আমি ব্যক্তিগতভাবে আমার পক্ষ থেকে এবং দলগতভাবে আমাদের পক্ষ থেকে আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। ব্যক্তিগতভাবে আমি ৯ম বিধানসভার কনিষ্ঠতম বিধায়কদের অন্যতম, যদিও বয়সে আমি অনেকের চেয়েই প্রবীণ। আমি বিধানসভায় নির্বাচিত হয়ে আসার সময়ে বিধানসভার অনেক নিয়মকানুনই জানতাম না, কিন্তু তথাপি আমি কখনো আপনার কাছ থেকে তিরস্কৃত হই নি, বরংচ ভ্রম সংশোধন করার জন্য আপনার সাহায্য পেয়েছি। আমি তো নিয়েছি ছুটি, বিদায় নিলাম ভাই, আমি আর আগামী ১০ম বিধানসভায় আসব না। সেই সঙ্গে আরো যিনি আসবেন না, যাঁর কথা আমার সর্ব প্রথমেই মনে পড়ছে, তিনি হচ্ছেন আমার ফিলোজফার, ফ্রেন্ড এবং গাইড ডাঃ জয়নাল আবেদিন। তাঁর জন্য মনে মনে বেদনা নিয়েই আজ আমাকে যেতে হচ্ছে। সঙ্গে সঙ্গে আমি গৌরববোধ করছি যে, আমাদের দেশের সংবিধান রচনা যাঁরা করেছিলেন তাঁরা এই বিধান রেখেছিলেন বলেই আমাদের গণতন্ত্র আজকে সার্থক। আরো একজন সদস্যের জন্য আমি আন্তরিক বেদনা অনুভব করছি, তিনি হলেন আমার পতিতদা—আমি তাঁকে পতিতদা বলি—শ্রী পতিত পাবন পাঠক। তিনিও আগামী বিধানসভায় আর আসবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে আমি বিশেষভাবে কৃতজ্ঞতা জানাচ্ছি, এখানকার আইন-কানুন, নিয়ম নীতির ব্যাপারে যখনই আপনার কাছে আমি গিয়েছি, আপনি আমাকে যথাযোগ্য উপদেশ দিয়েছেন, আমি উপকৃত হয়েছি. আমি কৃতজ্ঞতা জানাচ্ছি এবং অভিনন্দন জানাচ্ছি লীডার অফ হাউস মাননীয় মুখ্যমন্ত্রী তথা শ্রী জ্যোতি বসু মহাশয়কে। যে ঋজু ব্যক্তিত্বের আজকে বাঙ্গালীর মধ্যে বিশেষ অভাব সেই ঋজু ব্যক্তিত্বের আজকে তিনি বাঙ্গালীদের মধ্যে বিরলতম নিদর্শন। কংগ্রেসী হিসাবে আমি বহু ক্ষেত্রেই তাঁর বিরোধিতা করেছি, প্রতিবাদ জানিয়েছি, আগামী দিনেও হয়ত কংগ্রেসী হিসাবে প্রতিবাদ করব, বিধানসভায় না আসি, জনসভায় করব। কিন্তু ঋজু ব্যক্তিত্বের বাঙ্গালী হিসাবে আমি তাঁর জন্য ভারতবর্ষের সর্বত্র গর্ববোধ করছি এবং করব। মন্ত্রীসভায় আরো অনেকেই আছেন, সবার নাম করতে গিয়ে কারো নাম বাদ গেলে তিনি ক্ষুণ্ণ হবেন, সুতরাং কারো নাম না করেই সকলকেই অভিনন্দন জানাচ্ছি, কারণ আমি তাঁদের সকলের কাছ থেকেই সহযোগিতা পেয়েছি। তেমনি ওখানে যাঁরা প্রাজ্ঞ, প্রবীণ এবং নবীন আছেন তাঁদের সহযোগিতা এবং সহমর্মিতা পেয়েছি। সুতরাং তাঁদের কাছেও কৃতজ্ঞ। এই অল্পকালের মধ্যে এখানকার কর্মচারী সেক্রেটারী থেকে সেন্ট্রি পর্যন্ত সবার সহযোগিতা আমি পেয়েছি এবং তা চিরকাল মনে রাখবো। সাংবাদিকদেরও নিশ্চয়ই কৃতজ্ঞতা জানাবো, কারণ, ওঁরা ফোর্থ এস্টেট, গণতন্ত্রকে বজায় রাখার অতন্দ্র প্রহরী। ওঁদের জন্যও ধন্যবাদ রইল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক সময় আপনার সিদ্ধান্ত আমাদের মনোমত হয়নি এবং আমারও মনোমত হয়নি। আমার অভিমত সম্পর্কেও আমার নিজেরই ধারণা ছিল না যে, সেটা ঠিক হয়েছে, কি হয়নি তথাপি মনে হয়েছে যে কোন অবস্থার সামনে প্রত্যুৎপন্নমতিত্বের যতখানি অলঙ্কার থাকলে একটা মানুষ এতগুলি মানুষের, বিভিন্ন রুচির মানুষের, বিভিন্ন মনের মানুষের, বিভিন্ন অভিমতের মানুষের সহমতত্ব লাভ করতে পারেন, সেই বিরল প্রত্যুৎপন্নমতিত্ব আপনি দেখিয়েছেন। সভার প্রতি সহানুভূতি প্রকাশের মধ্যে দিয়ে সভার কার্য পরিচালনায় আপনি যোগ্য অধ্যক্ষ হিসাবে সত্যই অধ্যক্ষতা দেখিয়েছেন। আমি যদি আবার বিধানসভার সদস্য হিসাবে আসতাম, আমি কামনা করতাম আপনি আবারও বিধানসভার অধ্যক্ষ হোন। একথা আমি এর আগেও বলেছি, কিন্তু আপনি আমাকে ঠাট্টাই করেছেন। আমি খুব বেশী কাউকে চিনি না এবং দেখিনি তবে শুনেছি, এর আগে ঐ আসনে যাঁরা বসেছেন তাঁরা গাম্ভীর্য্যে প্রায় গড়ুর পাখীর মত থেকেছেন। ঐ রাম গড়ুরের ছানার কথা টথা শুনি ওখানে বসলে নাকি তেমনি হতে হয়। হাইকোর্টে দু একবার গিয়ে দেখেছি ঐ জজসাহেবেরা উইগ না টুইগ ঠিক জানি না এই সমস্ত পরেন এবং পরে গম্ভীর হয়ে থাকেন। আপনি গাম্ভীর্যটা রেখেছেন কর্মের ক্ষেত্রে কিন্তু মুখে ও আচরণে রেখেছেন উদারতা। তাই সবার আপনি সম্মান যেমনি পেয়েছেন তেমনি সম্প্রীতিও পেয়েছেন। আমি আশা করবো আপনি আবার অধ্যক্ষ হয়ে আসবেন, সম্প্রীতি এবং সম্মান সদস্যদের কাছ থেকে সমানভাবে আবার অর্জন করতে পারবেন। আমি শেষ বারের মতন এই বিধানসভার নেতা মাননীয়

মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসুকে, তাঁর মন্ত্রী পরিষদের সদস্যদের এবং বিধানসভার অন্যান্য সদস্য যাঁরা আছেন তাঁদের আমার কৃতজ্ঞতা জানাচ্ছি। আমাদের দলের নেতা, আমার প্রতি ফ্রেন্ড, ফিলজোফার এ্যান্ড গাইডের আচরণ করে আমাকে যে সুযোগ-সুবিধা দিয়েছেন তারজন্য তাঁর কাছে আমি বিশেষভাবে কৃতজ্ঞ। আমার সহকর্মী যারা বিরোধী বেঞ্চে আছেন এবং ট্রেজারি বেঞ্চে রয়েছেন, তাঁরাও আজকের মুহূর্ত পর্যন্ত আমার সহকর্মী, আমি সবার কাছে কৃতজ্ঞ। রবীন্দ্রনাথ ঠাকুরের সেই কথাটা আমি একটু ঘুরিয়ে বলি,

নিয়েছি ছুটি বিদায় নিলাম ভাই,
সবারে আমি প্রণাম করে যাই।

শ্রী প্রবোধচন্দ্র সিংহ : মাননীয় অধ্যক্ষ মাননীয় অধ্যক্ষ মহাশয়, নবম বিধানসভার আজ শেষ দিন। গত ৫ বছর ধরে এই বিধানসভার অধিবেশন পরিচালনার ক্ষেত্রে আপনি যে দক্ষতার, যে দূরদর্শিতার পরিচয় দিয়েছেন তাতে আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভার যে অতীত ঐতিহ্য ছিল তা সুরক্ষিত হয়েছে। এই বিধানসভার সম্মান এবং মর্যাদা বৃদ্ধি পেয়েছে। সভার কার্য পরিচালনার ক্ষেত্রে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ উভয়পক্ষের সদস্যদের প্রতি আপনি ন্যায়সঙ্গত আচরণ এবং তাঁদের যে যোগ্য অধিকার সেই অধিকারগুলিকে রক্ষা করে আপনি বিধানসভার ইতিহাসে এক অনন্য নজির সৃষ্টি করেছেন।

[2.00 - 2.10 p. m.]

বিগত ৫ বছর এই বিধানসভার কক্ষে অনেক সময় অনেক নজিরবিহীন ঘটনাই ঘটে গেছে। কিন্তু সব কিছু মিলিয়ে এই বিধানসভা পরিচালনার ক্ষেত্রে আপনার যে কর্মকান্ড এবং ব্যবস্থাপনা তা সব সময় সংসদীয় গণতন্ত্রের রীতি নীতিকে অতিক্রম করে যায় নি। সভার মান, মর্য্যাদাকে আরও বৃদ্ধি করতে সক্ষম হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে এই কার্যে যিনি সহযোগিতা করেছেন—আমাদের মাননীয় উপধ্যক্ষ মহাশয় তিনি নেই, তিনিও এই হাউস পরিচালনার ক্ষেত্রে যথেষ্ট সুচিন্তিত ব্যবস্থা গ্রহণ করেছেন, আজকে তার অনুপস্থিতিতে তাঁকে আমাদের পক্ষ থেকে আমাদের আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এই বিধানসভায় আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী মহাশয়, তিনি গত ৫ বছর ধরে শুধু বিধানসভায় নয় পশ্চিমবঙ্গের শাসন ব্যবস্থা পরিচালনার ক্ষেত্রে যে অনন্য নজির সৃষ্টিটি করেছেন এবং তাঁর কার্যকলাপের ফলে পশ্চিমবঙ্গের প্রশাসন ব্যবস্থা যে স্বীকৃতি পেয়েছে তার জন্য আমরা তাঁকে আন্তরিক কৃতজ্ঞতা এবং অভিনন্দন জ্ঞাপন করছি। সাথে সাথে এই বিধানসভার সমস্ত মাননীয় সদস্য, এবং বিধানসভার কার্যপরিচালনার সঙ্গে যুক্ত সমস্ত অফিসার কর্মচারী বন্ধুদের এবং সাংবাদিক বন্ধুদের আমার অভিনন্দন এবং কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আগামী বিধানসভা সুরু হতে চলেছে, সেই বিধানসভায় পশ্চিমবঙ্গের জনগণের প্রতি তাঁদের দায়িত্ব এবং কর্তব্য রয়েছে সেই কর্তব্য সঠিকভাবে পালন করতে পারবে সেই আশা করছি। তার আগে ব্যক্তিগতভাবে যাঁর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করতে চাইছি তিনি পরিষদীয় বিষয়ক মন্ত্রী শ্রী পতিত পাবন পাঠক মহাশয়, তাঁর সাথে এই হাউসের সম্পর্ক ছাড়াও আমার সাথে একটা পারিবারিক সম্পর্ক গড়ে উঠেছিল। তিনি আগামী বিধানসভায় আসতে পারছেন না, তাঁর জন্য আমাদের নিশ্চয় সহানুভূতি এবং কৃতজ্ঞতা রয়েছে। আর একজন, তিনি ডাঃ জয়নাল আবেদিন। তিনি আমার বিশেষ বন্ধু ছিলেন। তাঁর সাথে বিধানসভার কক্ষে অনেক কটু, কাটব্য এবং বিতর্ক হলেও বিধানসভার বাইরে তিনি আমাকে ছোট ভাইয়ের মত স্নেহ করেছেন। তাঁকে আমার কৃতজ্ঞতা জ্ঞাপন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অম্বিকা ব্যানার্জী : মিঃ স্পীকার স্যার, আজকে এই মুহূর্তটি আমাদের কাছে একটা অত্যন্ত বিষাদের ছায়া ফেলে দিয়েছে। গত ৫ বছর ধরে আমরা একসঙ্গে চেষ্টা করেছিলাম পশ্চিমবঙ্গের উন্নতিতে সাহায্য করতে। আমরা চেষ্টা করেছি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে আমাদের সাধ্যমত সহযোগিতা করতে আপনি অত্যন্ত বক্তিত্বের সঙ্গে এই বিধানসভা পরিচালনা করেছেন। কখন সখন উত্তেজনার মুহূর্তে আপনার প্রতি আমরা হয়ত সুবিচার করিনি কিন্তু আপনি কখনও সেই কথাগুলিকে নিজের অপমান বলে মনে না করে হাসিমুখে এই বিধানসভা অত্যন্ত দক্ষতার সঙ্গে পরিচালনা করে এসেছেন। আপনাকে আমার অভিনন্দন এবং আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। পশ্চিমবঙ্গের মানুষদের যিনি প্রতিনিধি সেই মানুষটির কাছে আমরা কখনও কোন অবিচার পাইনি। ব্যক্তিগতভাবে অনেক মন্ত্রীর দরজায় যখন আমাদের ঘন্টার পর ঘন্টা বসে থাকতে হয়েছে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর ব্যস্ততা সত্ত্বেও আমাদের কথা শুনেছেন। ব্যক্তিগতভাবে আমি কখন তাঁর কাছ থেকে বিফল হয়ে ফিরে আসিনি। আমি তার দীর্ঘ জীবন কামনা করছি এবং ভবিষ্যতে তাঁর সঙ্গে হাত মিলিয়ে আমাদের সহযোগিতার হাত নিশ্চয় বাড়িয়ে দেব। আর একটি মানুষের কথা না বলে পারছি না, তিনি আমাদের পতিতবাবু, তিনি শুধু এই বিধানসভার একজন মন্ত্রী হিসাবেই ছিলেন না, পতিতবাবুর ব্যবহার আমার ঠিক কপিবুকের ব্যবহার বলে মনে হয়েছে, যে কোন মানুষেরর সেটা দেখে শিক্ষা পাওয়া উচিত। তাঁর হাসিমুখ আমরা হয়ত কিছুদিনের জন্য এই বিধানসভায় দেখতে পাবনা। আশা করব আবার তিনি কোন না কোন দিন এখানে আসবেন এবং পশ্চিমবঙ্গের মানুষের সেবায় লাগবেন। সেই সঙ্গে সঙ্গে অনেক উত্তেজনার মুহূর্ত এখানে গেছে।এখানকার প্রত্যেক বিধানসভার সদস্য, যাঁদের কাছে ব্যক্তিগতভাবে আমি অনেক স্নেহধন্য, তাঁদের প্রতি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। বিদানসভার ভেতরে যাই রিলেশন থাকুক না কেন বাইরে আমরা প্রত্যেকে প্রত্যেকের বন্ধু হিসাবেই পরিচিত ছিলাম। তাই তাঁদের প্রতি ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি। বিশেষ করে এখানকার স্টাফরা সকল সময় যেভাবে আমাদের সঙ্গে সহযোগিতা ও সুন্দর ব্যবহার করেছেন তা কখনই ভুলবার নয়। সেই সঙ্গে সঙ্গে সাংবাদিকদের কাছ থেকে আমরা যে সহযোগিতা পেয়েছি তারজন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি। এইসঙ্গে সকলের মঙ্গল কামনা করে আমার বক্তব্য শেষ করছি।

[2.10 - 2.20 p.m.]

শ্রী বিমলানন্দ মুখার্জী ঃ আজকে অধ্যক্ষ মহাশয়ের সঙ্গে উপাধ্যক্ষ মহাশয়কেও সম্বোধন জানাতে পারলে খুবই খুশী হতাম। দুঃখের বিষয়, তিনি আজকে এখানে নেই এবং আগামী বিধানসভায়ও থাকছেন না। এটা আমাদের কাছে খানিকটা মর্মান্তিক। আমরা খুবই চিন্তিত ছিলাম—এই তিন দিনের অধিবেশনের মধ্যে ভোট অন এ্যাকাউন্ট যা পেশ করা হবে তার আলোচনা এবং দু' একটি বিল যা পেশ করা হবে তার আলোচনা সম্পূর্ণ হবে কিনা এবং একটা সুষ্ঠু পরিবেশের মধ্যে আলোচনা সম্পূর্ণ হবে কিনা! সেই সন্দেহের নিরসন হয়েছে। এরজন্য প্রথমে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

কিছুদিন থেকে এই সভার চরিত্রগত পরিবর্তন ঘটেছে কতগুলো ক্ষেত্রে। আগেরকার দিনে যাঁরা সমাজের উঁচু পর্যায়ের মানুষ পণ্ডিত ব্যক্তি, অবস্থাপন্ন ঘরের মানুষ—তাঁরাই এই বিধানসভার সদস্য হতেন। কিন্তু আজকে কৃষক, শ্রমিক, মধ্যবিত্ত প্রভৃতি নানা স্তরের মানুষ এই বিধানসভায় প্রতিনিধিত্ব করছেন। ফলে এই বিধানসভার চরিত্র বদলেছে। খুব পণ্ডিত্বপূর্ণ আলোচনা সকল সময় না পেলেও সাধারণ মানুষের কথাগুলো এই বিধানসভার সামনে হাজির হচ্ছে। ফলে সকলে উপলব্ধি করতে পারছেন কিভাবে নানা শ্রেণীর মানুষ ভাবেন। হয়ত আমরা সকলে আরো পড়াশুনা করে আরো মর্যাদার সঙ্গে আলোচনা যদি এখানে করতে পারতাম ভালো হ'ত। তবে আশা করবো, যাতে করে এই বিধানসভাকে পশ্চিমবঙ্গের জনসাধারণের প্রতিনিধিত্বমূলক সভা হিসাবে, শুধু নির্বাচনের মধ্যে দিয়ে নয়, মানুষের আশা উৎপাদনের জন্য যা প্রয়োজন সেগুলো পূরণের স্বার্থে সেই কথাগুলো বিশেষ করে ভবিষ্যতে এখানে আলোচনা করতে পারবো, এতদিন যা করে এসেছি তার চেয়ে আরো বেশী করে সাধারণ মানুষের কথা এখানে রাখতে পাববো সেই আশা করবো।

কিছু গাল-মন্দ কিছু সমালোচনা কিছু হাস্য-কৌতুক ভাষণের কাছে মূল্যবান। সেই সঙ্গে অন্য ধরনের গালমন্দর দিকটাকে যতটা সম্ভব বাদ দিয়ে পশ্চিম বাংলার মানুষের কথা ভেবে যাতে আলোচনাগুলো করতে পারি সেই দিক থেকে অধ্যক্ষ মহাশয় এবং উপাধ্যক্ষ মহাশয় যে ভাবে আলোচনাগুলিকে পরিচালনা করেছেন সভাকে পরিচালনা করেছেন তার জন্য তাঁদেরকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের মুখ্যমন্ত্রী এবং প্রবীন মন্ত্রী বিনয় চৌধুরী, অমৃতেন্দু মুখার্জী এবং আরো যাঁরা প্রবীন মন্ত্রী রয়েছেন তাঁদেরকে আলাদা ভাবে ধন্যবাদ দেবার অপেক্ষ রাখে না। তবে এই কথা ঠিক যে পশ্চিমবাংলার মন্ত্রীসভা পরিচালনা করারর জন্য এই ধরনের অভিজ্ঞ প্রবীন মন্ত্রীদের প্রয়োজন আছে। আমাদের সামনে আলো কিছু কাল পড়ে রয়েছে, আমরা এটা নিশ্চই চেষ্টা করবো বিরোধী পক্ষের প্রতি মর্যাদা দেবার। আলেকজান্ডার যেমন পুরুকে সম্মান দেখিয়ে ছিল বীরের কাছে বীরের যে ব্যবহার পেয়েছিল সেই ধরনের আমরা যতটা সম্ভব করবার চেষ্টা করবো, যতটা সম্ভব পেরেছি, করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় এবং উপাধ্যক্ষ মহাশয় সেই ভাবে সভা পরিচালনা করার চেষ্টা করেছেন। তাঁরা সফলও হয়েছেন, দক্ষতার পরিচয় দিয়েছেন। যাঁরা এখানে আসতে পারছেন না তাঁদের মধ্যে দু একজনের নাম করা হয়েছে। তাদের মধ্যে জয়নাল আবেদিন সাহেব একজন রহস্যপ্রীয় এবং পড়াশোনা করে সানিত বক্তব্য রাখতেন। তার বক্তব্য শুনতে ভাল লাগে। কটাক্ষ একটু-আধটু করলেও তার বক্তব্য শুনতে ভাল লাগে। পতিতবাবুর দীর্ঘ দিনের আন্দোলনের কথা তো সকলে নিশ্চই বলবেন। সেই সঙ্গে আমি সকলের কথা বলছি। সকলের মধ্যেই গুন আছে, এই বিধানসভার মধ্যে দিয়ে তা প্রকাশ হতে দেখেছি। কর্মচারীদের দেখেছি তাঁদের যে ব্যবহার বিধানসভার ভিতরে এবং বাইরে সত্যিই পশ্চিমবাংলার ক্ষেত্রে এই ধরনের সহযোগীতার জন্য বিধানসভা পরিচালনা করার কাজ সুষ্ঠভাবে করা সম্ভব হয়েছে। সংবাদপত্রের কথা আর বেশী কিছু বললাম না, মাঝে মাঝে কটাক্ষ করে থাকি। সংবাদপত্র যেন জনসাধারনের কাছে সত্যি কথাটা যাতে আরো সত্যি করে বলেন, এই বিধানসভার বক্তব্যগুলি যাতে সেই ভাবে প্রকাশ করেন ভবিষ্যতে এই আশা আমি করবো। সকলকে আমার পার্টি আর. সি. পি. আই-এর তরফ থেকে অভিনন্দন এবং শুভেচ্ছা জানাচ্ছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসের সঙ্গে আমার সম্পর্ক মোর দ্যান কোয়ার্টার অফ এ সেন্চুরী ২৫ বছরের চেয়েও অধিককাল। আপনাকে ধন্যবাদ, আপনি আমাকে বলবার সুযোগ দিয়েছেন, যে সুযোগ আমার প্রাপ্য নয়। আপনার কার্যকালে আপনি যে আসনে বসে আছেন এই আসনে আরো অনেক কৃতি পুরুষ বসেছিলেন। তাঁদের রুলিং আমাদের লাইব্রেরীতে রেখে দিয়েছেন, সেই গুলি আমার দেখার সুযোগ হয়েছে। আমি দেখেছি অনেক গুরুত্বপূর্ণ বিষয়ের উপর যে ভাবে তৎপরতার সঙ্গে রুলিং দিয়েছেন তাতে আমার মনে হয়েছে আপনি কারোর চেয়ে কম যান না। ব্যক্তিগত জীবনে আপনি যে বিষয়ে প্রতিষ্ঠিত ছিলেন এর চেয়ে অধিকতর প্রতিষ্ঠিত আপনি হতে পারতেন। আজকে আপনি এই আসনে বসে বিচিত্র গঠনের এই বিধানসভা যে ভাবে পরিচালনা করেছেন তাতে সত্যিই আপনি অভিনন্দনযোগ্য।

আমি পরাজিত হলেও আজকে মাননীয় মুখ্যমন্ত্রী আমাকে যে শুভেচ্ছা জানিয়েছেন, তাতে আমি মনে করি আমার সব লোকসান পূরণ করে দিয়েছে। এই তো চাই। মাননীয় মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায়ের মত এবারে তৃতীয়বার ক্ষমতা পেলেন। বাংলার সেবা, বাংলার প্রতিষ্ঠা এবং বাংলার সম্পদ বৃদ্ধি করবেন তিনি তাঁর মন্ত্রীবর্গ এবং সহকর্মীদের নিয়ে, এই আশা আমি করবো। তিনি বিরোধিদলের যে সহযোগিতা কামনা করেছেন, তাতে আমি আশা করবো বাংলার স্থায়ী সমস্যা যা কিছু আছে তা দূর হবে। আমার জীবনে আমি তিনটে জিনিস দেখেছি। স্যার, আমি তেতাল্লিশের মন্বন্তর দেখেছি। তখন আমি ক্লাস নাইন, টেন এর ছাত্র ছিলাম। আমি খাদ্যাভাব এবং জমি ও খাদ্যাভাবের জন্য আন্দোলনও দেখেছি। আমার কার্যকালে আমি দেশ বিভাগ ও মানুষের পারাপার দেখেছি। আমি দেখেছি মানুষের রঙের ভিত্তিতে হানাহানি। ধর্মের ভিত্তিতে মানুষের হানাহানি দেখবারও সুযোগ আমার হয়েছে। কারণ আমি কলকাতার মেডিকেল কলেজে পড়াশুনা করেছি। এগুলো আমার জীবনে বিচিত্র অভিজ্ঞতার সৃষ্টি করেছে। এই বিচিত্র অভিজ্ঞতার মধ্যে দিয়ে হঠাৎ আমি এখানে এসে পড়েছি, যেখানে আমার

আসবার কথা নয়। মানুষও আমাকে দীর্ঘকাল এখানে পাঠিয়েছেন। এ পক্ষ হোক বা ও পক্ষ হোক, মাননীয় মুখ্যমন্ত্রীদের দেখবার সুযোগ আমার হয়েছে। বিরো দলের নেতা হিসাবে মাননীয় মুখ্যমন্ত্রীকেও দেখবার সুযোগ আমার হয়েছে। আজ এখানে নেই, বিরোধি দলের নেতা শ্রী সুবোধ ব্যানার্জীর কথা বিশেষভাবে আমা আজ মনে পড়ছে। তাঁকে আমার স্কলারলি পার্লামেন্টারিয়ান বলে মনে হয়েছে। আজকে এখানে নেই, মনে পড়ছে ডাঃ বিধানচন্দ্র রায়কে। কারণ, বাংলার পরম্পরা, যে ট্রেডিশান, এই ট্রেডিশানটা আজকে এ্যাফার্মেটিভ, প্রোডাকটিভ্ এ্যান্ড প্রসপারাস্ বলে আমার মনে হচ্ছে। বাংলার যা কিছু ঐতিহ্য তা কখনও ম্লা তো হবেই না, বরং তা আরও ঐশ্বর্যশালী হবে আপনাদের পরিচালনায়। সেজন্য তৃতীয়বার মন্ত্রীসভা গঠনের জন্য বামফ্রন্ট এবং বামফ্রন্টের নেতা জ্যোতি বসুক জানাচ্ছি আমার অভিনন্দন। বাংলা যেন আপনার হাতে সুপরিচালিত হয়, এই কামনা করি। আপনি আমাকে যে সুযোগ দিয়েছেন এবং হাউসের বাইরে আপনা সঙ্গে ব্যক্তিগত যে একটা সম্পর্ক গড়ে উঠেছিল—মাঝে মাঝে সাত্তার সাহেব দেখেছেন যে আপনার সঙ্গে বসে খাচ্ছি, আমার এটা খুব ভাল লাগতো এই ভে যে, আমি একটা পাওনা পাচ্ছি। এখানে পতিতদা আছেন এঁর সঙ্গে তো আমার একটা পারিবারিক সম্পর্ক, একটা বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, যেন ক্লাস ফ্রেন্ড, এই রক সম্পর্ক গড়ে উঠেছিল। এ সবই সম্ভব হয়েছিল তাঁর দক্ষ পরিচালনার জন্যই। তিনি নিয়ে গিয়েছিলেন কমনওয়েল্থ পার্লামেন্টারী এ্যাসোসিয়েশনের সেমিনারে বাংলার প্রতিনিধিত্ব করার সুযোগ তিনি আমাকে দিয়েছেন। তাঁর নেতৃত্বে সেখানে গিয়েছি। আমরা চেষ্টা করেছি বাংলার ঐতিহ্য এবং মর্যাদা রক্ষা করতে। ভার তার নিজ আসনে প্রতিষ্ঠিত হয় এবং শ্রেষ্ঠ আসন যাতে পায় তারজন্য আমরা চেষ্টা করেছি। বোধকরি, স্যার, আপনি এই স্বীকৃতির কথা শুনেছেন। পতিতদা বোধকরি আমার সঙ্গে এ ব্যাপারে একমত হবেন। আমাদের তো ভয়ংকর মতবিরোধ আছে, কেননা, আমরা তো কিছু মতবাদের বিরুদ্ধে, আবার কিছু মতবাদে স্বপক্ষে। তবে ডেমোক্রাটিক এ্যাফারমেটিভ্ ডকটোরিনে এর তো অলটারনেটিভ্ নেই? জ্যোতিবাবু হয়ত এখনই বলবেন, কেন, কমিউনিজম্? আমি বিশ্বাস ক না। It is a fight against nature. যাইহোক, এই সব তত্ত্ব কথায় আমি যেতে চাইছি না। বিরোধিদলের সাথে যে সহযোগিতা ও সৌভ্রাতৃত্ব মন্ত্রীমণ্ডলী গড়ে উঠেছিল তা ভোলার নয়। এখানে অনেক সদস্যের সাথে যে ব্যক্তিগত সম্পর্ক গড়ে উঠেছিল, 'কৃপার' সাথে যে সম্পর্ক গড়ে উঠেছিল, তা কখনও ভোলা নয়। শচীনবাবু সি. পি. এম. দলের মানুষ হলেও তাঁকে ভুলতে পারছি না। আমরা বিভিন্ন কমিটিতে একসঙ্গে কিংবা আলাদাভাবে বসেছি। আমাদের দলের সুযো নেতা শ্রী আব্দুস সাত্তার যে সুযোগ আমাকে দিয়েছেন, আমি তার জন্য সকলের কাছে আমার কৃতজ্ঞতা জানাচ্ছি। আমি এখান থেকে নিয়েছি অনেক, দিতে হয় পারবো না কিছুই। পাওনা থেকে গেল। সুযোগ যদি পাই, বাকী জীবনটাতে তা শোধ করবার চেষ্টা করবো। যে ঋণে ঋণী তা চেষ্টা করবো শোধ দিতে। এখা অফিসটাতে একটা বিশেষ পার্থক্য আছে। স্যার এখানকার স্টাফ'এর চরিত্র একটা ভিন্ন প্রকৃতির। বাংলার যে কোন অফিস, যে কোন কাছারী থেকে একেবারে আলাদা প্রকৃতির। এখানকার এষ্টাবলিশমেন্টের সহযোগিতা অপরিসীম। দুর্নীতি কথাটা পৃথিবীতে আছে, কিন্তু বিধানসভায় বোধ হয় দুর্নীতি কথাটা নেই। আমা চোখে কখনও এটা পড়েনি। এত সহযোগিতা আমি অন্য কোথাও দেখিনি। সর্বোপরি, বাংলার বিশিষ্ট সংবাদগোষ্ঠী যে ভাবে বিধানসভার ঐতিহ্য রিপোর্ট ক গেছেন, তার জন্য আমি সবাইকে কৃতজ্ঞতা জানাচ্ছি। আমার সুদীর্ঘ কার্যকালে হয়ত জেনে কিংবা না জেনে আমি কাউকে আঘাত করে থাকতে পারি, আমি সেজন্য সকলের কাছে করজোড়ে ক্ষমা চেয়ে নিচ্ছি। কেউ যেন কিছু মনে না করেন। আমার অপরাধ মার্জনা করবেন। আমরা যেন মানুষ হিসাবে, কেউ কালো কিম্ব সাদার জন্য কাউকে ঘৃণা না করি। কেউ হিন্দু, কেউ মুসলমান, এর জন্য যেন আমরা কাউকে ঘৃণা না করি। কে কংগ্রেস, কে কমিউনিষ্ট এর জন্য যেন কাউকে ঘৃণা না করি। আমরা সবাই মানুষ, একই দেশের, একই সংবিধানের নাগরিক। এই সংবিধানের প্রকৃত মালিক হচ্ছেন দেশের জনগণ। এই উপলব্ধি নিয়ে, এখানে আমাকে যে সুযোগ আপনি, স্যার, আমাকে দিয়েছেন, তারজন্য কৃতজ্ঞতা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, তবে, এখানে মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী উপস্থিত আছেন, আমার কিছু জমি আছে তাই বিশেষভাবে তাঁকে বলছি যে, আমি বাইরে থাকলেও, মাননীয় মুখ্যমন্ত্রী সহযোগিতার যে কথা বলেছেন, সে কথা স্মরণ করে বলি, আমার কোন সহযোগিতা যদি আপনার কোন কাজে লাগে, তাহলে আমি মনে করি, আমরা আরও কিছু উন্নতি করতে পারবো। এই কথা বলে সবাইকে আর একবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ স্যার।

[2.20 - 2.30 p. m.]

শ্রী জ্যোতি বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে শেষ দিনের অভিনন্দন আপনি আজকে সবার কাছ থেকে পেলেন এটা সত্যিই আনন্দদায়ক এবং এতে আমাদের পক্ষে গর্ব করারও আছে কিছু। আমিও আপনাকে সবাইয়ের সঙ্গে একমত হয়ে ধন্যবাদ এবং অভিনন্দন জানাচ্ছি। আপনি যেভাবে দক্ষ এবং নিরপেক্ষ ভাবে এই বিধানসভার কার্যক্রম পরিচালনা করেছেন তারজন্য ধন্যবাদ জানাচ্ছি এটা শুধু কথার কথা নয় আপনার নিশ্চয় মনে আছে যে আবার যে বিধানসভা হবে এবং আজকে তার শেষদিন হবে আগে আমরা জানতাম না। আমাদের মনে হয়েছিল আগের বিধানসভাই আমাদের শেষ বিধানসভা ছিল। তখনও আপনি এই রকম ভাবে অভিনন্দিত হয়েছিলেন আমার মনে আছে। তবে আমার আরেকটি কথা মনে পড়ছে সেটা হল কি—যতটুকু সংবাদ পেয়েছি বা রিপোর্ট পেয়েছি তাতে দেখেছি আপনি বাইরে বহু জায়গায় প্রতিনিধিত্ব করবার জন্য গিয়েছিলেন। সেখানে যেভাবে, যা যা ভাবে শুনেছি সেইভাবে বলছি আপনি সেখানে সবাইয়ের প্রশংসা অর্জন করেছেন। যেমন ভারতবর্ষের মধ্যে যেসব সম্মিলন গুলি হয়েছে যথা স্পীকার সম্মিলন বা অন্য কোন সম্মিলন যেখানে আপনি অংশীদার ছিলে বা ভারতবর্ষের বাইরে যেখানে গিয়েছেন সেখানেও যতটুকু সংবাদ পেয়েছি তাতে আপনি আমাদের একটা গর্বের বিষয়। সাথে সাথে একথাও বলবো যে, যে সব সময়ে বলি যে বিধানসভা কখনো চলতে পারে না ভাল ভাবে যদি না সরকারপক্ষে যারা আছেন আর বিরোধীপক্ষে যারা আছেন তারা যদি খানিকটা সহযোগিতা করেন এর মান, সম্মান, ইজ্জত রক্ষা করার জন্য এবং আপনিও সেইসব ব্যাপারে যথেষ্ট সাহায্য করেছেন। তাই সংখ্যায় কত কম বিরোধীদল এ

খুব বড় কথা নয়, এটা তাদের পার্টির পক্ষে বড় কথা। তবে আরো বেশী সংখ্যায় আসতে পারলে, ভালো হোত। আমরা এখানে যে সংখ্যায় বেড়ে গেছি তারমানে এটা বুঝেছি যে আমাদের দায়িত্ব বেড়ে গেছে আমাদের আরো ধৈর্যশীল হতে হবে। বিলেতে যেমন হিজ ম্যাজেস্টিস্ অপজিসান বা হার ম্যাজেসটিস অপজিসান আছে। আমাদের দেশে সেইসব লয়ালটি মানা হয় না এবং আমার মনে হয় সেগুলো মানা উচিতও নয়। আমরা এখানে দেখেছি ওরা ওদের কর্তব্য পালন করার চেষ্টা করেছেন এতে কখনো গন্ডগোল হয়েছে কখনো বা স্থগিত রাখতে হয়েছে বিধানসভার আলোচনা। আপনি অত্যন্ত নিষ্ঠার সঙ্গে এবং দক্ষতার সঙ্গে সব পক্ষের সঙ্গে বসে কিভাবে ভালো করে বিধানসভা পরিচালনা করা যায় তাও আলোচনা করেছেন। যাতে কারুর মন খারাপ না হয়, বা মনে না করতে পারে, পক্ষপাতিত্ব করেছেন সেটা যাতে কেউ বলতে না পারে তারজন্য সর্বদা সচেষ্ট থেকেছেন। অথচ বিধানসভায় যাতে ঠিকমত পরিচালিত হয়, এর কার্যক্রম যাতে ঠিকমত পালন করতে পারি এবং সময়মত সেইসব কাজ শেষ করতে পারি তারজন্য আপনি দৃঢ়তার সঙ্গে অন্য সবার সাথে আলোচনা করে দৃষ্টান্ত রেখেছেন। আমার যতটুকু খবর জানা আছে তাতে কাউকে আপনি বিরোধিতা করা বা সমালোচনা করা দেখি নি। আমার নিজস্ব যে অভিজ্ঞতা তার থেকে আমি বলতে পারি আজকে আপনি যে সত্যি সকলের কাছ থেকে সম্মান পেয়েছেন এটা আপনার প্রাপ্য। তারপরে বিরোধীপক্ষের কথা কেন বলি যদিও বিরোধীপক্ষ এবার সংখ্যায় কম কিন্তু একদিন ছিল যখন এখানে মুসলিম লীগ ছিল। সেই আমলে কংগ্রেস ছিল বিরোধী দল, তারা অনেক সংখ্যায় ছিলেন। তখন সরকার পরিচালনা করেছিলেন মুসলিম লীগ কিন্তু তখন আমরা ৩জন কমিউনিষ্ট নির্বাচিত হয়ে আসি।

আর তখন যারা স্পীকার ছিলেন—একজন ডেপুটি স্পিকারের সঙ্গে সঙ্গে দেখা হয়েছিল যখন ঢাকায় গিয়েছিলাম, যারা ছিলেন তার আমি উঠে দাঁড়ালে বা তাদের দৃষ্টি আকর্ষন করাবর চেষ্টা করলে আমাকে সময় দিতেন, এই বিষয়ে তখন তাদের কাছে আমি কৃতজ্ঞ ছিলাম। এমন কি কংগ্রেস আমলে আমি দেখেছি—যখন এখানে কংগ্রেস পক্ষের স্পিকার ছিলেন তিনিও আমাকে বলতে দিতেন এই জন্য যে এরা মোটে কয়েকজন আছে। পরে আমরা বেড়েছিলাম কিছু সংখ্যায়-ওরা আমাদের বলবার সুযোগ দিতেন। হয়ত ১০/১২ মিনিট বলতে দিতেন। কিন্তু এখানে যারা খুব কম সংখ্যায় আছে তাদেরও আপনি বারে বারে বলতে দিয়েছেন, আপনি তো সময় এভাবে ভাগ করেননি। আপনি সংখ্যায় দুই জন বা চারজন আছে কিনা এই ভাবে জিনিসটা দেখেননি। কাজেই এটাকে আমি সঠিক পদ্ধতি বলে মনে করি। কারণ এখানে যারা বক্তৃতা দিলেন বা দেবেন তারা জনগণের কথা বলবেন, তারা সঠিক বলেছেন কি বেঠিক বলেছেন, তারা জনগণের পক্ষে বলছেন কি পক্ষে বলছেন সেটা জনসাধারণই বিচার করবে। কিন্তু তাদের সেই সুযোগটা নিশ্চয় পাওয়া দরকার এবং সেটা আপনি সবাইকে দিয়েছেনও। আমাদের পক্ষেও দিয়েছেন, ওদের পক্ষেও দিয়েছেন। আমরাও এই ব্যাপারে সহযোগীতা করাবর চেষ্টা করেছি বারেবারে। আমি এখানে ভবিষ্যতের কথা আর বলছি না কারণ সেটা যখন আবার নূতন কনস্টিটিউটেড হবে, নূতন বিধানসভা হবে সেখানে আবার আমরা আলোচনা করব। এই যে অভিজ্ঞতা আমাদের হয়েছে ১০ বছর ধরে এবং আপনি ৫ বছর আছেন। সেই অভিজ্ঞতা থেকে নিশ্চয় কিছু শিক্ষা গ্রহণ করব। এবং শিক্ষা গ্রহণ করে আগামী দিনে যেসব পদ্ধতি অবলম্বন করতে হবে, সেসব ব্যবস্থা আমাদের করতে হবে বিধানসভায় মান সম্মান রক্ষার জন্য। অথচ কেউ যাতে ক্ষুব্ধ না হয় সেটা আমাদের দেখা দরকার এবং তাদের অধিকার হরণ না হয় সেটা দেখাও আমাদের দরকার। এখানে আমরা যে আগামী দিনের কথা বলছি সেই সহযোগিতা নিশ্চয় আমরা এখানে করব। এখানকার যে ১০ বছরের অভিজ্ঞতা তার থেকে সেই সিদ্ধান্ত আমরা গ্রহণ করেছি। কাজেই আমি আর একবার আপনাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। যারা বিধানসভার কর্মী আছেন, তাদেরকে দিবা-রাত্র কাজ করতে হয় এবং তারা দক্ষতার সঙ্গে সেই কাজ পালন করেছেন, নিষ্ঠার সঙ্গে তারা কাজ করেছেন, তাদেরও আমি সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। এই কথা বলে আমি এখানের সকলকে শুভেচ্ছা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

Mr. Speaker : Hon'ble Chief minister, Hon'ble Leader of the Oppositon, Hon'ble Members of both sides :

It has been an honour me for to preside over this House for the past five years. Today we are at the end of the term. We begin a new term, a new House, with many new members and many old ones not being there. My job has been both pleasant and unpleasant at times. But all of us here have tried to maintain th e best tradition of the Parliamentary Democracy. Whatever has happened, good or bad, I am sure, each and every member had in his heart the interest of his constituency and the people he represented. There has been no malice. Whatever was done, was done in good intention and for the purpose of serving the people of the State. In the new House, we will miss many old friends, talented people, people of sacrifice, who have maintained the tradition of Parliamentary Democracy over the years. We will have many new members who will receive the training in the Parliamentary Democracy for the first time. The tradition will continue, I am sure. It will continue for the years. I am grateful to the Chief Minister and his Cabinet Colleagues for the unstinted support and assistance enabling me to run this Hourse and its administration. More particularly, I am grateful to the Parliamentary Affairs

Minister, Mr. Patit Paban Pathak, who most unfortunately has not been able to obtain the mandate the people and will not be represented in the new House. But we will all remember him for his spir for his temperament, for his patience and for bearance. We will miss Dr. Zainal Abedin who has h an unbeaten track record of 25 years and one of the most able parliamentarian of our times in the Sta

[2.30—2.37]

I consulted him on many occasions on so many complicated issues and even had the guidan which was offered by him unflinchingly in the truest parliamentary system.

I am grateful to the Leader of the Opposition, Janwab Abdus Sattar, and to all the Oppositi members for their co-operation, even to their criticism. For in a parliamentary democracy, th criticism in the real sense is the assistance in maintaining the parliamentary tradition of this Hou which had been done in the right spirit. I am also grateful to Shri Daba Prasad Sarkar, though he h been representing a very small group. There are only two members belonging to this party. But i contribution has been tremendous to the whole Session.

I am also grateful to all the political groups and their members for their assistance, co-operati and guidance in running this House and the administration. Best of all has been achieved in spite all controversies and conflicts, and under-current of good-will and good-wishes had been there even i the creeps and quips. The under-current of good-will even of all the parties had been there.

I am grateful to my staff members—to all the Secretaries who worked under me as well as to a other staff members—up to the Mali They have worked faithfully, tirelessly and have kept up the goo will and traditions of this House.

I am grateful to the Repoeters—Press Reporters, who had at times worked late in the night t cover the proceedings of the House so that people could know what was going on here. Otherwis people don't what we do here and what is giong on in the parliamentary democracy It is the Press- they can inform the people what is going on here.

I have only a word for Dr. Zainal Abedin, whom we will miss in the new House. I wish him a lon life, a comfortable life we have a token of our respect for his dauntless personality in the administratio though we disagreed with him on many occasions for the spirit has been always dauntless. On all ou behalf and all the members here, now I am presenting him with a 'shawl' and a 'plaque' to recognis 25 years of his membership of the House. I would now request Dr. Zainal Abedin to come here an accept it.

[At this stage and just on the eve of the closing hour of the outgoing 9th Assembly, a pathetic an touching scene was touched over the whole House while exchanging farewell particularly when D Zainal Abedin left his seat which he adorned for long 25 years at stretch with remarkable credit for hi parliamentary wisdom and sagacity in different roles. The Hon'ble Speaker of the House, on behalf c the House, offered to Dr. Zainal Abedin A piece of 'shawl' and a 'plaque' as a reminiscence of th cordial relations which was maintained all throughout his career. Very much moved at this heart-fel recognition, Dr. Abedin, after receiving the presentations from Mr. Speaker, held them out before th whole House, right from the Chief Minister, Shri Jyoti Basu, and the whole scene,, rarely to come acro on such occasions, created a feeling of pathos mixed with thrill.]

Today is the last day of the present House. Before I adjourn the House sine-die, I would like to make an announcement regarding the business transacted in the present Assembly.

Total No. of Notices of questions received		17,031
Total No. of Notices of Questions Admitted		
as (i)	Starred	8,103
(ii)	Unstarred	3,860
(iii)	Short Notice	30
Total No. of questions Disallowed		1,371
Total No. of Questions replied		
as (i)	Starred	3,776
(ii)	Unstarred	3,352
(iii)	Short Notice	24
Total No. of Notices of Half-an-Hour Discussion received		7
Total No of Half an-Hour Discussion replied		4

Bill introduced and Passed during the (9th Assembly) year 1982-87

Year :	**Introduced**	**Passed**	
1982	24	23	(1 referred to Select Committee)
1983	47	48	
1984	46	46	(1 referred to Select Committee)
1985	39	38	(1 referred to Select Committee)
1986	39	39	(Including 2 Govt. Bills withdrawn and subsequently passed)

The report of the Select Committee on West Bengal Open University Bill, 1985, was presented on 17-9-86 The Report was adopted on 24-9-86.

1987	4	4	
Total Bills Introduced	199	Total Bills Passed	198

Privilege Isues :

1	Privilege Notices Received ...	85
2.	Reports of the Committe of Privileges (1985-87) Presented and Adopted ...	12

Private Members' Resolutions :		
Received	...	12
Admit	...	9
Discussed Carried	...	6
Discussed Lost	...	3
Laying of Reports		
Notices Received	...	96
Laid	...	96
Calling Attentions :		
Notices Received	...	1761
Admitted	...	193
Replied	..	185
Adjournment Motions :		
Notices Received	...	439
Consent Admitted	...	1
Consents Withheld	...	438
Motions Under Rule 185 :		
Notices Received	..	189
Admitted	..	145
Discussed	...	72
Carried	...	57
Lost	...	15
Government Resolutions :		
Received	...	8
Admitted	...	8
Discussed	...	8
Carried	...	8
Lost	...	Nil.

REPORTS SUBMITTED BY DIFFERENT
ASSEMBLY COMMITTEES

1.	Busines Advisory Committee	...	88
2.	Committee on Petitions	...	4
3.	Committee on Public Accounts	...	37
4.	Committee on Estimates	...	7

5.	Committee on Public Undertakings	...	8
6.	Committee of Privileges	...	12
7.	Committe on Government/Assurances	...	4
8.	Committee on Subordinate Legislatiion	..	6
9.	Rules Committee	..	Nil
10.	Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes	...	1
11.	Library Committee	...	Nil
12.	House Committee	..	3
	*** ***		***
	Mention Cases	...	3772
	Total No. of Sittings	.	233
	Total No of Hours	..	1141 Hrs. 15 Minutes upto 1.30 p. m

Before I adjourn the House. I once again wish all those who have not been returned or those who have not contested, long and happy and comfortable life and welcome all those who have been returned to the new House in the Tenth Assembly.

Thank you all.

The House is adjourned sine die.

Adjournment

Accordingly the House was Adjourned sine die at 2.37 p.m.

The Assembly was subsequently prorogued w.e.f. the evening of 28th March, 1987 under notification No 131-P.A. dt. 28.3.1987 from Home (P.A.) Deptt. Government of West Bengal.

Index to the West Bengal Legislative Assembly Proceedings

(Official Report)

Vol. 87, Eighty Seventh Session (February & March) 1987

(The 27th, 28th February and 25th, 27th, 28th March 1987)